# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Poush 19, 1430 Bangla, January 03, 2024, Wednesday, No. 03, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says that the Awami League-led government is working for the welfare of the poor of the country following the path shown by the father of the nation. (R. Jago: 11)

AL GS Obaidul Quader says, Grameen Telecom Chairman and Nobel Laureate Dr Muhammad Yunus was sentenced by a court and Awami League has no responsibility in this regard. (VOA: 8)

Information and Broadcasting Minister Dr. Hasan Mahmud says, "many Nobel laureates of the world were convicted of criminal and civil offences and many of them were in jail for long time." (R. Jago: 13)

BNP SJSG R K Rizvi says since July, the police have registered 1,124 cases against 1 lakh 689 activists of BNP. 27 people including journalists were killed and 24,541 arrested during this time. (R. Today: 15)

Election commissioner Md Anisur Rahman says, "If we fail to hold a free, fair and credible election for some reasons, then the state will fail itself. This would make Bangladesh isolated from the entire world." (R. Jago: 11, R. Teheran: 8)

Many candidates of the JP are withdrawing themselves from election feeling 'neglected'. At least 10 JP candidates have withdrawn their candidature from 7th January election since mid-December. (BBC: 5)

The EC has canceled the candidature of Md. Habibur Rahman Pawan, an independent candidate of Lakshipur-1 constituency and presidium member of Jubo League, for threatening to transfer the DC & SP. (R. Today: 15)

Amnesty International says. Dr. Yunus's conviction is a political revenge, a symbol of BD's deteriorating human rights situation. Authorities are undermining people's freedom and forcing critics into submission. (R. Today: 14)

Despite relaxed conditions for net reserves by the International Monetary Fund, Bangladesh could not meet the foreign exchange reserves target at the end of 2023. (VOA: 6)

Entrepreneurs are worried about the decrease in exports to the major markets of garments products. If the market conditions do not change, the export income may begin to decrease quickly. (R. Jago: 13)

Rescue operations are still underway after a deadly earthquake hit central Japan. At least 48 people have been confirmed dead, the number is likely to rise. (NHK: 10)

**Director: 44813046** | **Deputy News Controller: 44813048, 44813179** | **Assistant News Controller: 44813047, 44813178**

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
পৌষ ১৯, ১৪৩০ বাংলা, জানুয়ারি ০৩, ২০২৪, বুধবার, নং- ০৩, ৫৪তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার জাতির পিতার প্রদর্শিত পথ অনুসরণ করে দেশের দরিদ্র মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।' (রে. জাগো: ১১)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, গ্রামীণ টেলিকম চেয়ারম্যান ও নোবেল বিজয়ী ডক্টর মুহাম্মদ ইউনূসকে আদালত সাজা দিয়েছেন এবং এ ব্যাপারে আওয়ামী লীগের কোনো দায় নেই। (ভোয়া: ৮)

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেন, "বিশ্বের অনেক নোবেল বিজয়ী ফৌজদারি এবং দেওয়ানী অপরাধে দোষী সাব্যস্ত হয়েছেন এবং তাদের অনেকেই দীর্ঘ সময় ধরে কারাগারে ভুগছেন।" (রে. জাগো: ১৩)

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন গত জুলাই থেকে বিএনপির কেন্দ্র ঘোষিত কর্মসূচিকে কেন্দ্র করে সারাদেশে ১লাখ৬৮৯ জন নেতা কর্মীর বিরুদ্ধে ১,১২৪টি মামলা করেছে পুলিশ। এ সময় গ্রেফতার হয়েছে ২৪,৫৪১ জন, সাংবাদিকসহ ২৭ জন নিহত হয়েছে । (রে. টুডে: ১৫)

নির্বাচন কমিশনার মোঃ আনিসুর রহমান বলেন, "আমরা যদি কোনো কারণে একটি অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন করতে ব্যর্থ হই, তাহলে রাষ্ট্র নিজেই ব্যর্থ হবে। এতে বাংলাদেশ সারা বিশ্ব থেকে বিচ্ছিন্ন হয়ে পড়বে।" (রে. জাগো: ১১, রে. তেহেরান: ৮)

জাতীয় পার্টির অনেক প্রার্থীই 'অবহেলিত' বোধ করে প্রত্যাহার করছেন। ডিসেম্বরের মাঝামাঝি থেকে জাতীয় পার্টির অন্তত ১০ জন প্রার্থী তাদের মনোনয়ন প্রত্যাহার ও নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন। (বিবিসি: ৫)

জেলা প্রশাসক পুলিশ ও সুপারকে বদলির হুমকি দেয়ায় লক্ষীপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী ও যুবলীগের প্রেসিডিয়াম সদস্য মোঃ হাবিবুর রহমান পবনের প্রার্থিতা বাতিল করেছে নির্বাচন কমিশন। (রে. টুডে: ১৫)

ড. মুহাম্মদ ইউনূস ও তার তিন সহকর্মীকে রাজনৈতিক প্রতিহিংসা থেকে কারাদণ্ড দেয়া হয়েছে বলে মন্তব্য করেছেন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। ড. ইউনূস দোষী সাব্যস্ত হওয়া বাংলাদেশের মানবাধিকারের বিপর্যস্ত অবস্থার প্রতীক। দেশটির কর্তৃপক্ষ মানুষের স্বাধীনতা খর্ব করছে। সমালোচকদের তাবেদার হতে বাধ্য করেছে। (রে. টুডে: ১৪)

আন্তর্জাতিক মুদ্রা তহবিল কর্তৃক নিট রিজার্ভের শর্ত শিথিল করা সত্ত্বেও, বাংলাদেশ ২০২৩ সালের শেষে বৈদেশিক মুদ্রার রিজার্ভের লক্ষ্যমাত্রা পূরণ করতে পারেনি। (ভোয়া: ৬)

পোশাক পণ্যের প্রধান বাজারে রপ্তানি কমে যাওয়ায় উদ্যোক্তারা উদ্বিগ্ন। বাজারের অবস্থার পরিবর্তন না হলে দ্রুত রপ্তানি আয় কমতে শুরু করতে পারে। তবে এরই মধ্যে উদ্যোক্তারা বিকল্প বাজার খুঁজতে শুরু করেছে। (রে. জাগো: ১৩)

নববর্ষের দিনে মধ্য জাপানের ইশিকাওয়া জেলায় একটি মারাত্মক ভূমিকম্পের পর উদ্ধার অভিযান এখনও চলছে। ইশিকাওয়া জেলায় কমপক্ষে ৪৮ জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা হয়েছে, এই সংখ্যা এখনও আরও বাড়তে পারে। (এনএইচকে: ১০)

# বিবিসি

## বাংলাদেশে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি কী করতে পারেন আর কী পারবেন না

বাংলাদেশের বিভিন্ন আইনে সাজাপ্রাপ্ত হলে ঐ ব্যক্তি আর রাষ্ট্রের বেশ কিছু অধিকার বা সুবিধা ভোগ করতে পারেন না। ফৌজদারি আইন, কোম্পানি আইন, সরকারি চাকরিবিধিসহ বিভিন্ন আইনে দণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা কী করতে পারবেন আর কী পারবেন না, সেসব বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা দেওয়া হয়েছে। আইন বিশেষজ্ঞরা বলছেন, নির্বাচনে অংশ নেওয়া, কোম্পানি বা ব্যাংকের পরিচালনা পর্ষদে থাকতে পারা, চাকরি থাকবে কি না এমন অনেক গুরুতর বিষয় নির্ভর করছে কোন ব্যক্তি দণ্ডিত বা সাজাপ্রাপ্ত হলো কি না তার উপর। যে কোন মেয়াদে সাজা, যাবজ্জীবন কারাদণ্ড, মৃত্যুদণ্ড হলে অর্থাৎ আদালতের রায়ে দোষী সাব্যস্ত হলে তারা কী করতে পারবেন আর কী পারবেন না তা বলা হয়েছে।

সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ও কোম্পানি আইন বিশেষজ্ঞ আহসানুল করিম বিবিসি বাংলাকে বলেন, "ব্যাংক কোম্পানি আইনে স্পষ্টভাবে দণ্ডপ্রাপ্ত ব্যক্তির বিষয়ে বলা হয়েছে। এমনকি সরকারি চাকরি প্রত্যাশী বা সরকারি চাকরি করেন এমন ব্যক্তিদের বিষয়েও সাজাপ্রাপ্ত হলে কী হবে চাকরিবিধিতেই তা উল্লেখ করা আছে"। ১৯৯১ সালের ব্যাংক কোম্পানি আইনের একটি ধারা উল্লেখ করে মি. করিম বলেন, "স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী সাজা যাই হোক না কেন দণ্ডিত হলে কোন ব্যক্তি ব্যাংকের পরিচালনা পর্ষদে থাকতে পারবেন না।" তিনি উল্লেখ করেন, "কোন ব্যক্তি যদি ফৌজদারি অপরাধে দণ্ডিত হন তবে কোন ব্যাংকের কোম্পানিতে পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা হতে পারবে না"। ঐ ধারায় আরো বলা হয়েছে, "জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্য অবৈধ কর্মকাণ্ডের সাথে যদি কোন ব্যক্তি জড়িত ছিলেন বা থাকেন তাহলেও সে পরিচালনা পর্ষদে থাকতে পারবেন না"। আইনটির ১৫ ধারায় বলা হয়েছে, কোন দেওয়ানি বা ফৌজদারি মামলায় আদালতের রায়ে তার সম্পর্কে কোন বিরূপ পর্যবেক্ষণ বা মন্তব্য থাকে তাহলে পরিচালনা পর্ষদে থাকতে পারবেন না। তবে বেসরকারি প্রতিষ্ঠানের শীর্ষ পদে কোন সাজাপ্রাপ্ত ব্যক্তি থাকতে পারবেন কি না, কোম্পানি আইন ১৯৯৪ সে বিষয়ে পরিষ্কারভাবে কোন কিছু বলা হয়নি। তবে কোন কোম্পানির আর্টিকেলে যদি বলা থাকে ফৌজদারি মামলায় দণ্ডিত ব্যক্তি পরিচালক হতে পারবেন না তবে তাদের সেটা অনুসরণ করতে হবে ।

সরকারি চাকরির ক্ষেত্রে অবশ্য কিছুটা ভিন্নতা রয়েছে। ২০১৮ সালের সরকারি চাকরি আইনের একটি ধারায় বলা হয়েছে, "কোন সরকারি কর্মচারী ফৌজদারি মামলায় আদালত কর্তৃক মৃত্যুদণ্ড বা এক বছর মেয়াদের বেশি মেয়াদে কারাদণ্ডে দণ্ডিত হলে, উক্ত দণ্ড আরোপের রায় বা আদেশ দেয়ার তারিখ থেকে চাকরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত হবেন"। তবে, নতুন আইনের এ ধারাটিকে চ্যালেঞ্জ করে একটি মানবাধিকার সংগঠনের করা রিটে ঐ আইনটি হাইকোর্ট বাতিল করে দিয়েছিল। পরে রাষ্ট্রপক্ষ আপিল করায় হাইকোর্টের রায়টি স্থগিত রয়েছে। পুরনো আইনে ফৌজদারি মামলায় দণ্ডপ্রাপ্ত হলেই সরকারি কর্মচারীদের চাকরি যাওয়ার বিধান ছিলো। ২০০৩ সালে এরকম একটি আদেশে একজন পুলিশ মহাপরিদর্শকের চাকরি চলে গিয়েছিল। তবে ২০১৮ সালের নতুন আইনে চাকরি যাওয়ার ক্ষেত্রে নিম্নে এক বছর দণ্ডপ্রাপ্ত হওয়ার বিধান করা হয়েছে।

আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি এ. এইচ. এম. শামসুদ্দিন চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "সাজাপ্রাপ্ত ব্যক্তিদের ক্ষেত্রে সংবিধানের একটি অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা নিয়ে বলা হয়েছে"। সংবিধানের ৬৬ অনুচ্ছেদের (ঘ) উল্লেখ করে বিচারপতি শামসুদ্দিন বলেন, "কোন ব্যক্তি নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে দুই বছরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তার মুক্তিলাভের পর পাঁচ বছর অতিবাহিত না হলে নির্বাচনে অংশ নিতে পারবে না" বিচারপতি চৌধুরী আরো বলেন, "সরকারি চাকরি-বিধিতে সুনির্দিষ্ট করে দণ্ডপ্রাপ্তদের বিষয়ে বলা হয়েছে। তবে, বেসরকারি প্রতিষ্ঠানে নিয়োগ-দাতারা আলাদা করে বিধান রাখতে পারেন"। "তারা এ বিষয়ে নিজেদের বিধি অনুসরণ করে চলতে পারে। তবে, দণ্ডপ্রাপ্ত হলে ভোট দেয়ার অধিকার ক্ষুণ্ণ হয় না" বলেন মি. চৌধুরী ।

সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার তানজীব উল আলম বলেন, "আদালতে দণ্ডপ্রাপ্ত হলে বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি পেতে হয়তো বাধা নেই, কিন্তু পরিচালক পদে থাকতে পারে না আদালতের রায়ে দণ্ডিত কোন ব্যক্তি"। এর আগে বিভিন্ন সময় বিচারিক আদালতে দুই বছর বা বেশি সময়ের জন্য সাজাপ্রাপ্ত হলেও পরবর্তীতে হাইকোর্ট বা অ্যাপিলেট ডিভিশনে আপিল করে নির্বাচনে অংশ নিতে দেখা গেছে। তবে সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী খুরশিদ আলম খান হাইকোর্টের এক রায়ের কথা উদ্ধৃত করে বলেন, "দুই বছর বা তার বেশি দণ্ড ও সাজা হলে সাজা মাথায় নিয়ে কেউ নির্বাচনে অংশ নিতে পারবে না"। ২০১৮ সালে বিচারপতি নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কে. এম. হাফিজুল আলমের বেঞ্চ রায় দিয়েছিল যে, কেউ দুই বছরের সাজার বিরুদ্ধে আপিল করলেও নির্বাচনে অংশ নিতে পারবেন না। "সাজার রায়ের বিরুদ্ধে করা আপিল বিচারাধীন, আবেদনকারী জামিনে আছে, জরিমানার আদেশ স্থগিত করা হয়েছে এসব দণ্ড বা সাজা স্থগিতের যুক্তি হতে পারে না। কারণ সংবিধানই সর্বোচ্চ আইন" বলেন মি. খান।
(বিবিসি ওয়েব পেজ : ২.১.২৪ রিহাব)

## আপিল বিভাগের রায়ে যারা নির্বাচনে প্রার্থিতা ফিরে পেলেন এবং যারা পাননি

বাংলাদেশে ৭ই জানুয়ারি সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না বরিশাল-৪ আসনে ক্ষমতাসীন আওয়ামী লীগের প্রার্থী শাম্মী আহমেদ এবং বরিশাল-৫ আসনে স্বতন্ত্র প্রার্থী এবং সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ।

মঙ্গলবার তাদের প্রার্থিতা ফিরিয়ে দেবার আবেদন প্রত্যাখ্যান করেছে আপিল বিভাগ। তবে যশোর-৪ আসনে আওয়ামী লীগের প্রার্থী এনামুল হক বাবুল, ময়মনসিংহ-১১ আসনের স্বতন্ত্র প্রার্থী আওয়ামী লীগ নেতা মোহাম্মদ আব্দুল ওয়াহেদ এবং গাজীপুর-৪ আসনে স্বতন্ত্র প্রার্থী আলম আহমেদের প্রার্থিতা বহাল রয়েছে। অর্থাৎ তারা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। এছাড়া ফরিদপুর-৩ আসনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী শামীম হকের প্রার্থিতা বাতিল চেয়ে আবেদন করলেও শুনানির জন্য আরো এক সপ্তাহ সময় নিয়েছেন এ. কে. আজাদের আইনজীবী, ফলে শামীম হকের প্রার্থিতাও বহাল থাকছে। মঙ্গলবার প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ এ আদেশ দেন ।

নির্বাচনের মাত্র এক সপ্তাহেরও কম সময় বাকি থাকলেও বেশ কয়েকজন প্রতিদ্বন্দ্বির প্রার্থিতার বিষয়টি আপিল বিভাগের আদেশের অপেক্ষায় ছিল। এখন পর্যন্ত আদালত থেকে ৭৫ জন প্রার্থিতা ফিরে পেয়েছেন। এতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মোট প্রার্থীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে এক হাজার ৯৭০ জনে। বরিশাল-৪ আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী শাম্মী আহমেদের প্রার্থিতা ফিরে পেতে দায়ের করা আপিল আবেদন খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ফলে তিনি আসন্ন সংসদ নির্বাচনে অংশ নিতে পারবেন না বলে জানিয়েছেন তার আইনজীবী শাহ মঞ্জুরুল হক। এর আগে দ্বৈত নাগরিকত্বের অভিযোগে শাম্মী আহমেদের প্রার্থিতা রিটার্নিং কর্মকর্তা বাতিল করে দেন। ঐ আসনের স্বতন্ত্র প্রার্থী ও সংসদ সদস্য পঙ্কজ নাথ শাম্মী আহমেদের বিরুদ্ধে অভিযোগ আনেন যে, অস্ট্রেলিয়ার নাগরিক হলেও শাম্মী আহমেদ তার মনোনয়নপত্রে তথ্য গোপন করেছেন। প্রার্থিতা বাতিলের বিরুদ্ধে শাম্মী আহমেদের রিট দায়ের করলেও তা খারিজ করে দেয় হাইকোর্ট। পরে এই আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করেন তিনি। হাইকোর্টের আদেশের বিরুদ্ধে আপিল বিভাগের চেম্বার আদালতে গিয়ে 'নো অর্ডার' পান তিনি। ফলে তার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ বন্ধ হয়ে যায়। পরে প্রতীক বরাদ্দ চেয়ে আবারও আপিল বিভাগের চেম্বার জজ আদালতে আবেদন করেন তিনি। কিন্তু আজ শুনানির পর তার আবেদন খারিজ হয়ে যায়। পরে শাম্মী আহমেদের আইনজীবী শাহ মঞ্জুরুল হক জানান, অস্ট্রেলিয়ার নাগরিকত্ব বাতিলের জন্য শাম্মী আহম্মেদ গত ২৭শে নভেম্বর অর্থাৎ মনোনয়নপত্র জমা দেয়ার তিন দিন আগে চিঠি দেন। অস্ট্রেলিয়ার কর্তৃপক্ষ সেটি হাতে পায় ৮ই ডিসেম্বর। দেশটি শাম্মী আহমেদের নাগরিকত্ব ত্যাগের আবেদন গ্রহণ করে ২২শে ডিসেম্বর ।

আইনজীবী শাহ মঞ্জুরুল হক জানান, "আদালতের বক্তব্য হল মনোনয়ন দাখিলের আগে অস্ট্রেলিয়া কর্তৃপক্ষের কাছে ঐ চিঠিটা পৌঁছানো দরকার ছিল। আইনে বলা আছে দ্বৈত নাগরিকত্ব থাকলে সংসদ সদস্য হতে বা থাকতে পারবেন না। এটা নির্বাচনের আগে তিনি নিষ্পত্তি করতে পারলেই হবে। কিন্তু আদালতের কথা এটি মনোনয়নপত্র দাখিলের আগেই করার কথা।"

বরিশাল-৫ আসনের স্বতন্ত্র প্রার্থী এবং বরিশাল সিটি করপোরেশনের সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহর প্রার্থিতা বাতিলই থাকবে বলে রায় দিয়েছে আপিল বিভাগ। মঙ্গলবার প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বে ছয় বিচারপতির আপিল বেঞ্চ প্রার্থিতা ফেরত চেয়ে সাদিক আব্দুল্লাহর করা আবেদন খারিজ করে দেন। শুরুতে তিনি বরিশাল-৫ আসনে আওয়ামী লীগের মনোনয়ন চেয়েছিলেন। কিন্তু দল তাকে মনোনয়ন না দিলে তিনি আসনটিতে স্বতন্ত্র প্রার্থী হিসেবে দাঁড়ান। রিটার্নিং কর্মকর্তা সেই মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেন। বরিশাল-৫ আসনে আওয়ামী লীগের মনোনয়ন পান বর্তমান সংসদ সদস্য ও পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক। জাহিদ ফারুক নির্বাচন কমিশনে সাদিক আব্দুল্লাহর বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে দ্বৈত নাগরিকত্ব ও হলফনামায় সম্পদের তথ্য গোপনের অভিযোগ এনে তার মনোনয়ন বাতিল চেয়ে নির্বাচন কমিশনে আপিল করেন। শুনানি শেষে সাদিক আবদুল্লাহর প্রার্থিতা বাতিল করে কমিশন। নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ হাইকোর্টে রিট করেন সাদিক আবদুল্লাহ। রিটের শুনানি নিয়ে ১৮ ডিসেম্বর হাইকোর্ট নির্বাচন কমিশনের আদেশের উপর স্থগিতাদেশ দেয়। ফলে সাদিক আবদুল্লাহর মনোনয়নপত্র বৈধতা পায়। পরদিন হাইকোর্টের এই আদেশ স্থগিত চেয়ে আপিল বিভাগে আবেদন করেন আসনটির আওয়ামী লীগের প্রার্থী জাহিদ ফারুক। ঐ আবেদনের শুনানি নিয়ে হাইকোর্টের আদেশ স্থগিত করেন চেম্বার আদালত। এর ফলে সাদিক আব্দুল্লাহর নির্বাচন আটকে যায়। পরে স্থগিতাদেশ প্রত্যাহার চেয়ে আবেদন করেন বরিশালের সাবেক মেয়র। যেটি শুনানি শেষে আজ তার আবেদন খারিজ করে দেয় আপিল বেঞ্চ ।

যশোর-৪ আসনে আওয়ামী লীগের প্রার্থী এনামুল হক বাবুলের প্রার্থিতা বহাল রয়েছে বলে তার আইনজীবী শাহ মঞ্জুরুল হক নিশ্চিত করেছেন। তিনি জানান, রিটার্নিং কর্মকর্তা এনামুল হক বাবুলের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করলেও তার বিরুদ্ধে জনতা ব্যাংকের ২১ কোটি টাকা ঋণখেলাপির অভিযোগ এনে আপিল করেন একই আসনের স্বতন্ত্র প্রার্থী সুকৃতি কুমার মণ্ডল। একই আসনের বর্তমান সংসদ সদস্য ও আসন্ন নির্বাচনের স্বতন্ত্র প্রার্থী রণজিৎ কুমার রায় তার মনোনয়নপত্রের বৈধতার বিরুদ্ধে আপিল করেন। আপিলের শুনানি শেষে তার মনোনয়নপত্র বাতিল করে নির্বাচন কমিশন। প্রার্থিতা ফিরে পেতে এনামুল হক হাইকোর্টে রিট করেন। ১৮ই ডিসেম্বর হাইকোর্ট তার রিট সরাসরি খারিজ করে আদেশ দেন। এরপর তিনি আপিল বিভাগে আবেদন করেন। পরদিন চেম্বার আদালত তার প্রার্থিতা ফেরত দেন। পরে নির্বাচন কমিশন ঐ আদেশ প্রত্যাহারে আবেদন করেন। তবে আপিল বিভাগ সেই আবেদনে সাড়া না দিয়ে এনামুল হক বাবুলের প্রার্থিতা বহাল রাখেন। অর্থাৎ তিনি নির্বাচনে অংশ নিতে পারবেন। তার আইনজীবী শাহ মঞ্জুরুল হক বলেন, "এনামুল হকের কাছে জনতা ব্যাংক ২১ কোটি টাকা পেতো। মনোনয়নপত্র বাছাইয়ের আগেই ওই মোট

টাকার পাঁচ শতাংশ ডাউন-পেমেন্ট দেয়া হয়। একে ব্যাংকের আইনজীবীরা জানান তাদের কোন আপত্তি নাই। তবে বিরোধীদের দাবি এনামুল হক সময় মতো পরিশোধ করেননি।"

গাজীপুর-৪ (কাপাসিয়া) আসনের স্বতন্ত্র প্রার্থী আলম আহমেদের প্রার্থিতা বাতিল চেয়ে ঐ আসনের আওয়ামী লীগের মনোনীত প্রার্থী সিমিন হোসেন রিমির আবেদন খারিজ করে দিয়েছেন আপিল বিভাগ। তার আইনজীবী মাহ মঞ্জুরুল হক জানান, এর ফলে আলম আহমেদের নির্বাচনে অংশ নেয়ায় আর কোনো বাধা রইল না। ঐ আসনে আওয়ামী লীগের মনোনয়ন চেয়ে গাজীপুর জেলা রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র জমা দিলেও তিনি মনোনয়ন পাননি। কারণ তার বিরুদ্ধে ন্যাশনাল ব্যাংক এবং মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকে ঋণ খেলাপের অভিযোগ ছিল। এর বিরুদ্ধে নির্বাচন কমিশনে তিনি আপিল করলেও তা খারিজ হয়ে যায়। এরপর তিনি হাইকোর্টে রিট করেন। রিটটি সরাসরি খারিজ হয়ে যায়। প্রার্থিতা ফিরে পেতে আপিল বিভাগে আবেদন করেন আলম আহমেদ। এরপর আপিল বিভাগের চেম্বার আদালত আলম আহমেদের মনোনয়নপত্র গ্রহণের নির্দেশ দেন। এর ফলে তার নির্বাচনে অংশ নেওয়ার পথ খোলে। কিন্তু ২৬শে ডিসেম্বর আলম আহমেদের প্রার্থিতা বাতিল চেয়ে আওয়ামী লীগের মনোনয়নপ্রাপ্ত প্রার্থী সিমিন হোসেন রিমি লিভ টু আপিল (আপিলের অনুমতি চেয়ে আবেদন) দায়ের করেন। পরে আবেদনটি শুনানির জন্য আপিল বিভাগে পাঠিয়ে দেয়া হয়। পরে আপিল বিভাগ সিমিন হোসেনের আবেদন খারিজ করে দেন। আলম আহমেদের আইনজীবী মি. হক বলেন, 'আলম আহমেদ মনোনয়নের আগে দুটি ব্যাংকের ডাউন পেমেন্ট পরিশোধ করেছেন, সেটা বিবেচনা করে আদালত আদেশ দিয়েছে। আদালত বলেছে নির্বাচন সন্নিকটে, এই অবস্থায় কারো প্রার্থিতা বাতিল করা যাবে না।" ফরিদপুর-৩ আসনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী শামীম হকের প্রার্থিতা বাতিল চেয়ে করা আপিল আবেদনের শুনানি হবে নির্বাচনের পর। ফলে শামীম হকের প্রার্থিতা বহাল থাকছে বলে তার আইনজীবী জানিয়েছেন। মনোনয়নপত্র বাছাইয়ের সময় নৌকার প্রার্থী শামীম হকের প্রার্থিতা বৈধ ঘোষণা করা হয়েছিল। কিন্তু ওই আসনের স্বতন্ত্র প্রার্থী এ. কে. আজাদ অভিযোগ আনেন, শামীম হক নেদারল্যান্ডসের নাগরিক। এই কারণ দেখিয়ে শামীম হকের প্রার্থিতা বাতিল চেয়ে নির্বাচন কমিশনে আপিল করেন তিনি। নির্বাচন কমিশনের শুনানিতে শামীম হকের মনোনয়নপত্র বাতিল হয়ে যায়। এরপর তিনি হাইকোর্টে রিট করলে সেই রিট আবেদনও খারিজ হয়ে যায়। পরে তিনি প্রার্থিতা ফিরে পেতে আপিল বিভাগে আবেদন করেন। ঐ দিন চেম্বার আদালত তার প্রার্থিতা ফিরিয়ে দেন। পরে তার প্রতিদ্বন্দ্বী এ. কে. আজাদ আদেশ প্রত্যাহার চেয়ে আবেদন করেন। যে আবেদনের ওপর শুনানির জন্য ২ জানুয়ারি দিন ধার্য করা হয়েছিল। কিন্তু সেটা এক সপ্তাহ পিছিয়ে দেয়া হয়েছে। ফলে আদালতের সর্বশেষ সিদ্ধান্ত এই আসনের দুই প্রার্থীই ভোটের মাঠে থাকছেন ।

এদিকে, ময়মনসিংহ-১১ (ভালুকা) আসনের স্বতন্ত্র প্রার্থী আওয়ামী লীগ নেতা মোহাম্মদ আব্দুল ওয়াহেদের প্রার্থিতা বৈধ ঘোষণা করেছে আপিল বিভাগ। ঐ আসনের স্বতন্ত্র প্রার্থী হিসেবে তিনি মনোনয়নপত্র জমা দিলেও তার প্রার্থিতা বাতিল করে দেন রিটার্নিং কর্মকর্তা। নির্বাচন কমিশন তার প্রার্থিতা ফেরত দিলেও সেখানকার দুই ভোটার রিট পিটিশন ফাইল করে জানান যে তিনি পাপুয়া নিউগিনির নাগরিক। প্রার্থিতা ফেরত পেতে রিট আবেদন করলেও মোহাম্মদ আব্দুল ওয়াহেদের রিট খারিজ করে দেয় হাইকোর্ট। পরে আব্দুল ওয়াহেদ এই আদেশের বিরুদ্ধে চেম্বার আদালতে আবেদন করেন ।

এদিকে, ঢাকা-৭ আসনের স্বতন্ত্র প্রার্থী হাসিবুর রহমান মানিকের প্রার্থিতা বৈধ করে হাইকোর্টের দেয়া আদেশ স্থগিত করেছে আপিল বিভাগ এর ফলে নির্বাচন করতে পারবেন না হাসিবুর রহমান মানিক। পার্বত্য খাগড়াছড়ি আসনের স্বতন্ত্র প্রার্থী সমির দত্ত চাকমার প্রার্থিতা বাতিলের আদেশ আপিল বিভাগেও বহাল রয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ২.১.২৪ রিহাব)

## 'অবহেলিত' বোধ করে সরে দাঁড়াচ্ছেন জাতীয় পার্টির বহু প্রার্থী

আগামী সাতই জানুয়ারির নির্বাচনের আর মাত্র কয়েক দিন বাকি থাকলেও এরই মধ্যে নির্বাচনে অংশগ্রহণকারী অন্যতম দল জাতীয় পার্টির বেশ কয়েক জন নেতা নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন। এদের অনেকেই বলেছেন, শুরু থেকেই জাতীয় পার্টির 'সমঝোতার' মাধ্যমে নির্বাচনে যাওয়ার বিপক্ষে ছিলেন তারা।

ডিসেম্বরের মাঝামাঝি সময় থেকে এ পর্যন্ত জাতীয় পার্টির অন্তত ১০ জন প্রার্থী মনোনয়ন প্রত্যাহার ও নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন। নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ফলে এসব প্রার্থীদের আসনে তাদের সব ধরণের প্রচারণাও বন্ধ রয়েছে।

তারা বলছেন, সারা দেশে ৩০০টি আসনে প্রার্থী দেয়ার সক্ষমতা থাকার পরও কেন্দ্রীয়ভাবে ২৬টি আসনের সমঝোতা করে নির্বাচনে আসার সিদ্ধান্ত জাতীয় পার্টির জন্য 'ভুল' ছিল।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, ২৬টি আসনে সমঝোতার মাধ্যমে নির্বাচনে আসার সিদ্ধান্তের কারণে বাকি আসনগুলোর প্রার্থীদের মধ্যে 'অবহেলিত' মনোভাব তৈরি হয়েছে। এর ফলে কেন্দ্রের সাথে তৃণমূলের এক ধরনের দূরত্ব তৈরি হয়েছে এবং এই দূরত্ব নির্বাচন পরবর্তী সময়ে জাতীয় পার্টির সাংগঠনিক শক্তির জন্য হুমকি হয়ে দেখা দিতে পারে।

গত ২২শে নভেম্বর আসন্ন নির্বাচনে অংশ নেয়ার আনুষ্ঠানিক ঘোষণা দেয় জাতীয় পার্টি। পরে ১৭ই ডিসেম্বর আওয়ামী লীগ জাতীয় পার্টির সাথে 'সমঝোতার' মাধ্যমে ২৬টি আসন ছেড়ে দেয়। এসব আসন থেকে আওয়ামী লীগের মনোনীত প্রার্থীদের প্রত্যাহার করে নেয়া হয়।

এ পর্যন্ত যে প্রার্থীরা নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন, তারা সবাই জাতীয় পার্টির জন্য আওয়ামী লীগের ছেড়ে দেয়া ওই ২৬টি আসনের বাইরের আসনগুলোর প্রার্থী। কিন্তু ওই 'ছেড়ে দেয়া' আসনগুলো থেকে এখনো কেউ সরে দাঁড়ানোর ঘোষণা দেননি।

যারা সরে দাঁড়ালেন

গত ডিসেম্বরের মাঝামাঝি সময় থেকেই স্থানীয় বিভিন্ন সংবাদ মাধ্যমের খবরে জাতীয় পার্টির নেতাদের দু-এক জনের প্রার্থিতা প্রত্যাহারের খবর আসতে থাকে। এরমধ্যে গত ১৭ই ডিসেম্বর নারায়ণগঞ্জ-৪ আসনের জাতীয় পার্টির প্রার্থী ছালাউদ্দিন খোকা মোল্লা মনোনয়নপত্র বাতিল করেন।

এদিন প্রার্থিতা প্রত্যাহার করে নিয়েছিলেন ঢাকা-১৩ ও ১৪ আসনের জাতীয় পার্টির প্রার্থী শফিকুল ইসলাম সেন্টু-ও।

গত ২২শে ডিসেম্বর সিরাজগঞ্জ-৩ আসনের প্রার্থী জাকির হোসেন নির্বাচনে না লড়ার ঘোষণা দেন। গত ৩১শে ডিসেম্বর এক সংবাদ সম্মেলনে বরিশালের দুটি আসনের প্রার্থী এবং জাতীয় পার্টির চেয়ারম্যানের উপদেষ্টা ইকবাল হোসেন তাপস নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন। তিনি বরিশাল-২ ও বরিশাল-৫ আসন থেকে জাতীয় পার্টির প্রার্থী হিসেবে লড়ছিলেন।

ডিসেম্বরের শেষ দিনে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন গাজীপুর-১ ও ৫ আসনের জাতীয় পার্টির প্রার্থী এম এম নিয়াজ উদ্দিন। তিনিও এক সংবাদ সম্মেলনের মাধ্যমে সরে দাঁড়ানোর এই ঘোষণা দেন।

বরগুনা-১ আসনের জাতীয় পার্টির প্রার্থী খলিলুর রহমান গত ৩১শে ডিসেম্বর নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন।

নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন নাটোর-৪ আসনের জাতীয় পার্টির প্রার্থী ও দলের জেলা সভাপতি আলাউদ্দিন মৃধা। এছাড়া চুয়াডাঙ্গা-৪ আসনের জাতীয় পার্টির প্রার্থী সোহরাব হোসেনও নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন। আর হবিগঞ্জ-২ আসনের জাপা প্রার্থী শংকর পালও নির্বাচন থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন।সবশেষ দোসরা জানুয়ারি গাজীপুর-৪ আসনের জাতীয় পার্টির প্রার্থী সামসুদ্দিন খানও সংবাদ সম্মেলন করে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন।

এরআগে পহেলা জানুয়ারি জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের রংপুরে এক সংবাদ সম্মেলনে বলেছিলেন যে, নির্বাচনের শেষ পর্যন্ত তিনি থাকবেন কি না তা এখনো নিশ্চিত করে বলা যাচ্ছে না। তখন তিনি বলেন, জাতীয় পার্টির কোন প্রার্থী যদি নির্বাচন করতে না চায় তাহলে সেই সিদ্ধান্ত নেয়ার স্বাধীনতা ওই প্রার্থীর রয়েছে। এদিকে এ বিষয়ে মঙ্গলবার আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এক সংবাদ সম্মেলনে বলেছেন, কয়েক জন প্রার্থীর নির্বাচন থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত পুরো দলের সিদ্ধান্ত নয়।

তিনি বলেন, "আমাদের সাথে জাতীয় পার্টির খুব ভাল ভাবে আলাপ-আলোচনা হয়েছে। নির্বাচন অনুষ্ঠানে আমরা পরস্পরের সহযোগী হবো। আমার মনে হয় না দলগতভাবে তারা নির্বাচন থেকে সরে দাঁড়াবে, এমন কোনও সিদ্ধান্ত তাদের দলের নেই।" (বিবিসি ওয়েব পেজ: ২.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### আইএমএফ শর্ত শিথিল করলেও লক্ষ্য পূরণ করতে পারেনি বাংলাদেশ

আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) নিট রিজার্ভ সংশ্লিষ্ট শর্ত শিথিল করা সত্ত্বেও, ২০২৩ সালের শেষে বৈদেশিক মুদ্রার রিজার্ভের লক্ষ্যমাত্রা পূরণ করতে পারেনি বাংলাদেশ। আইএমএফের ঋণের নথি অনুযায়ী, ২০২৩ সালের ডিসেম্বর শেষে প্রকৃত রিজার্ভের পরিমাণ ছিলো ১,৭৭৮ কোটি ডলার। বছর শেষ হওয়ার সঙ্গে সঙ্গে প্রকৃত রিজার্ভ দাঁড়িয়েছে প্রায় ১,৬৭৫ কোটি ডলার। এছাড়া, সেপ্টেম্বরের শেষ নাগাদও আইএমএফের শর্ত অনুযায়ী রিজার্ভের লক্ষ্যমাত্রা পূরণ করতে পারেনি বাংলাদেশ ব্যাংক। পরে বাংলাদেশের অনুরোধে রিজার্ভ সংরক্ষণের লক্ষ্যমাত্রা কমিয়ে দেয় আইএমএফ। আইএমএফের নতুন শর্ত অনুযায়ী, চলতি বছরের মার্চে প্রকৃত রিজার্ভ ১,৯২৬ কোটি ডলার এবং ২০২৪ সালের জুনে ২,০১০ কোটি ডলার হওয়ার কথা। আর্থিক খাতের অংশীজনরা এই লক্ষ্য অর্জন হবে কি না তা নিশ্চিত করতে পারছে না। প্রকৃত রিজার্ভ হলো; আইএমএফের এসডিআর, ব্যাংকের মাধ্যমে বৈদেশিক মুদ্রা ক্লিয়ারিং হিসাবে রাখা ডলার এবং এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়ন (এসিইউ) বিলের জন্য জমা করা ডলার বাদ দিয়ে গণনা করা রিজার্ভ। এছাড়া, রিজার্ভের আরো দুটি হিসাব রয়েছে। এর মধ্যে একটি হলো মোট রিজার্ভ। আরেকটি আইএমএফ অ্যাকাউন্টিং সিস্টেম বিপিএম-৬ এর অধীনে হিসাব অনুযায়ী রিজার্ভ। গত ২০২৩ সাল শেষে, মোট বৈদেশিক মুদ্রার মজুদ বেড়ে দাঁড়ায় ২,৭০০ ডলার। তবে, আইএমএফ শুধু নিট বা সত্যিকার রিজার্ভ হিসাব করে। বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মেজবাউল হক বলেন, আইএমএফ নির্ধারিত লক্ষ্য অনুযায়ী রিজার্ভ ১,৭০০ কোটি ডলারের উপরে রাখতে কেন্দ্রীয় ব্যাংক কাজ করেছে। আইএমএফের সাবেক অর্থনীতিবিদ ড. আহসান এইচ মনসুর বলেন, আইএমএফ নির্ধারিত লক্ষ্যমাত্রা হ্রাস করার পরও, কাঙ্খিত লক্ষ্য পূরণ করা যায়নি, যা অপ্রত্যাশিত। কেন্দ্রীয় ব্যাংক নীতিমালা পরিবর্তন না করলে বাংলাদেশ ব্যাংক ২০২৪ সালের মার্চে আইএমএফের বৈদেশিক মুদ্রার রিজার্ভের লক্ষ্যমাত্রা ধরে রাখতে পারবে কি না তা নিয়েও সন্দেহ প্রকাশ করেন ড. মনসুর।

(ভোয়া ওয়েব পেজ: ০২.০১.২০২৪ এলিনা)

## সশস্ত্র বাহিনী মোতায়েন করা হচ্ছে বুধবার থেকে

বাংলাদেশের আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বুধবার (৩ জানুয়ারি) থেকে সারাদেশে সশস্ত্র বাহিনীর সদস্যদের মোতায়েন করা হচ্ছে। স্থানীয় বেসামরিক প্রশাসনকে সহায়তা করতে সশস্ত্র বাহিনীর সদস্যদের মোতায়েন করা হচ্ছে। সংবিধানের 'ইন এইড টু দ্য সিভিল পাওয়ার'-এর ১২৬ অনুচ্ছেদ অনুযায়ী সশস্ত্র বাহিনী মোতায়েন করা হচ্ছে। মঙ্গলবার (২ জানুয়ারি) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) সংবাদ বিজ্ঞপ্তিতে, এ কথা জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, নির্বাচনের আগে, পরে ও পরে শান্তি-শৃঙ্খলা রক্ষায় আগামী ৩ থেকে ১০ জানুয়ারি পর্যন্ত সারাদেশে নির্বাচন কমিশন (ইসি) ও স্থানীয় বেসামরিক প্রশাসনকে সহায়তা দেবে সশস্ত্র বাহিনী। সশস্ত্র বাহিনীর সদস্যরা, প্রতিটি জেলা, উপজেলা ও মহানগরী এলাকার মোড়ে এবং অন্যান্য সুবিধাজনক স্থানে অবস্থান করবে। সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তাদের অনুরোধে এবং স্টেকহোল্ডারদের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে, সংশ্লিষ্ট এলাকায় তাদের মোতায়নের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে জানিয়েছে আইএসপিআর। দেশের ৬২টি জেলায় বাংলাদেশ সেনাবাহিনীর সদস্য নিয়োগ করা হচ্ছে। বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) দায়িত্ব পালন করবে ৪৫টি উপজেলায়। বিজিবি ও কোস্টগার্ড এর সঙ্গে সমন্বয় করে সেনাবাহিনী যথাক্রমে ৪৭টি সীমান্তবর্তী উপজেলা ও ৪টি উপকূলীয় উপজেলায় দায়িত্ব পালন করবে। ভোলা ও বরগুনা এবং উপকূলীয় আরো ১৭ টি উপজেলায় নৌ-বাহিনীর সদস্যরা নিয়োজিত থাকবে। পার্বত্য প্রত্যন্ত অঞ্চলের ভোট কেন্দ্রে হেলিকপ্টার সহায়তা দেবে বাংলাদেশ বিমান বাহিনী (বিএএফ)। এছাড়া, নির্বাচনী সহায়তা প্রদানের জন্য বিমান বাহিনীর পর্যাপ্ত সংখ্যক হেলিকপ্টার প্রস্তুত রাখা হয়েছে।

সশস্ত্র বাহিনী বিভাগে, বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে একটি সেল গঠন করা হয়েছে; যা আগামী ১০ জানুয়ারি পর্যন্ত কার্যকর থাকবে।

এর আগে, গত ১৭ ডিসেম্বর বাংলাদেশের আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে, সেনা মোতায়ন করার বিষয়ে সম্মতি প্রদান করেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। ঐ দিন সকালে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে সেনা মোতায়নের অনুরোধ জানাান। তার অনুরোধে, সেনা মোতায়ন করার বিষয়ে সম্মতি দেন রাষ্ট্রপতি সাহাবুদ্দিন। (ভোয়া ওয়েব পেজ: ০২.০১.২০২৪ এলিনা)

## ভোটে থাকতে পারছেন না শাম্মী আহমেদ ও সাদিক আবদুল্লাহ

বাংলাদেশের আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে পারছেন না বরিশাল-৪ আসনে আওয়ামী লীগ মনোনীত (নৌকা প্রতীক) প্রার্থী শাম্মী আহমেদ। আর, বরিশাল-৫ আসনের স্বতন্ত্র প্রার্থী সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ'র প্রার্থিতা বাতিল আদেশ বহাল রেখেছে সুপ্রিমকোর্ট। শাম্মী আহমেদ ক্ষমতাসীন আওয়ামী লীগের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক; আর সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ বরিশাল নগরের সাবেক মেয়র এবং তিনিও আওয়ামী লীগের রাজনীতিক ব্যক্তিত্ব। বরিশাল-৪ আসনে আওয়ামী লীগ মনোনীত, নৌকা প্রতীকের প্রার্থী শাম্মী আহমেদ তার প্রার্থিতা ফিরে পেতে আপিল আবেদন করেছিলেন। সুপ্রিম কোর্টের আপিল বিভাগ সেই আবেদন খারিজ করে দিয়েছে। শুনানির জন্য নির্ধারিত দিনে মঙ্গলবার (২ জানুয়ারি) প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন ৬ সদস্যের পূর্ণাঙ্গ ও নিয়মিত বেঞ্চ এ আদেশ দেন। ফলে শাম্মী আহমেদ দ্বাদশ জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

এদিকে, বরিশাল-৫ আসনের স্বতন্ত্র প্রার্থী সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহও তার প্রার্থিতা ফিরে পেতে আবেদন করেছিলেন। আপিল বিভাগের একই বেঞ্চ, তার প্রার্থিতা বাতিল আদেশ বাহাল রাখার নির্দেশ দিয়েছে। প্রতীক বরাদ্দ দেয়ার জন্য শাম্মী আহমেদের করা আবেদনের শুনানি নিয়ে, গত বছরের ২৬ ডিসেম্বর বিচারপতি এম ইনায়েতুর রহিমের চেম্বার বিচারপতির আদালত শুনানির ২ জানুয়ারি দিন ধার্য করেন। তারই ধারাবাহিকতায় শুনানি অনুষ্ঠিত হয়। আদালতে শাম্মী আহমেদের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী ইউসুফ হোসেন হুমায়ুন, মো. মমতাজ উদ্দিন ফকির, শাহ মঞ্জুরুল হক, মোতাহার হোসেন সাজু এবং আরো ডজনখানেক জ্যেষ্ঠ আইনজীবী। গত ১৫ ডিসেম্বর দ্বৈত নাগরিকত্বের অভিযোগে প্রার্থিতা বাতিল হয় বরিশাল-৪ আসনের আওয়ামী লীগের প্রার্থী শাম্মী আহমেদের। পরে ১৮ ডিসেম্বর প্রার্থিতা বাতিলের বিরুদ্ধে শাম্মী আহমেদ রিট করলে, তা খারিজ করে দেয় হাইকোর্ট। হাইকোর্টের বিচারপতি মো. ইকবাল কবীর ও বিচারপতি এস. এম. মনিরুজ্জামানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দিয়েছিলেন। পরে এই আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করেন শাম্মী আহমেদ। গত ১৯ ডিসেম্বর প্রার্থিতা বাতিলের বিরুদ্ধে করা শাম্মী আহমেদের রিট খারিজ করে, হাইকোর্টের আদেশ বহাল রাখে আপিল বিভাগের চেম্বার বিচারপতির আদালত। পরে ২২ ডিসেম্বর সকালে প্রতীক বরাদ্দ চেয়ে আবার আপিল বিভাগের চেম্বার জজ আদালতে আবেদন করেন বরিশাল-৪ আসনের আওয়ামী লীগের প্রার্থী শাম্মী আহমেদ। ঐ দিন শাম্মীর আইনজীবীরা চেম্বার আদালতে বলেন, "শাম্মী আহমেদের নাগরিকত্ব ত্যাগের আবেদন গ্রহণ করেছে অস্ট্রেলিয়া। সবদিক বিবেচনা করে শাম্মী আহমেদকে নির্বাচনের মাঠে থাকার সুযোগ দিন।" তখন চেম্বার বিচারপতি বলেন, "আইনের বাইরে যাওয়ার সুযোগ নেই। আপনারা বিভিন্ন বিষয়ে প্রশ্ন উত্থাপন করেছেন। এসব বিষয়ে তো আমি একা সিদ্ধান্ত দিতে পারবো না। আগামী ২ জানুয়ারি আপিল বিভাগের সব বিচারপতি মিলে শুনবো।" এদিকে, স্বতন্ত্র প্রার্থী সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহ'র প্রার্থিতা বৈধ ঘোষণা করেছিলেন রিটার্নিং কর্মকর্তা। পরে, দ্বৈত নাগরিকত্বের অভিযোগে প্রার্থিতা বাতিল চেয়ে নির্বাচন কমিশনে (ইসি) আপিল করেন আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী জাহিদ ফারুক। গত ১৫ ডিসেম্বর নির্বাচন কমিশন ভবনে আপিল শুনানি শেষে বরিশাল-৫ আসনের স্বতন্ত্র প্রার্থী ও সিটির সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহ'র প্রার্থিতা বাতিল করে ইসি। পরে এই আদেশ চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন সাদিক আব্দুল্লাহ। তার করা রিটের শুনানি

নিয়ে ১৮ ডিসেম্বর হাইকোর্ট নির্বাচন কমিশনের আদেশের ওপর স্থগিতাদেশ দেন। ফলে সাদিক আবদুল্লাহর মনোয়নপত্র বৈধতা পায়। পরদিন হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে আপিল বিভাগের চেম্বার বিচারপতির আদালতে আবেদন করেন জাহিদ ফারুক। ওই আবেদনের শুনানি নিয়ে হাইকোর্টের আদেশ স্থগিত করেন চেম্বার বিচারপতির আদালত। এর ফলে, সাদিক আব্দুল্লাহর নির্বাচন আটকে যায়। পরে সাদিক আব্দুল্লাহ চেম্বার বিচারপতির দেয়া স্থগিতাদেশ প্রত্যাহার চেয়ে আবেদন করেন। যে আবেদনের ওপর ২ জানুয়ারি শুনানি নেন আপিল বিভাগের নিয়মিত বেঞ্চ এবং আবেদন খারিজ করে দেন। (ভোয়া ওয়েব পেজ: ০২.০১.২০২৪ এলিনা)

## ড. ইউনূসকে সাজা দিয়েছে আদালত, আওয়ামী লীগ নয় : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ড. ইউনূসকে আদালত সাজা দিয়েছে এবং এ বিষয়ে তার দল কোনোভাবেই দায়ী নয়। মঙ্গলবার (২ জানুয়ারি) ধানমন্ডিতে আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের বলেন, "যেসব শ্রমিক পাওনা বঞ্চিত হয়েছেন, তারা মামলা করেছেন। এখানে আওয়ামী লীগ সরকারের সমালোচনা হচ্ছে কেন?" তিনি বলেন, নির্বাচন অংশগ্রহণমূলক হবে, কিন্তু বিএনপি ও তার মিত্ররা একতরফাভাবে নির্বাচনের বিরোধিতা করছে। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরো বলেন, লিফলেট বিতরণ বিএনপির একটি রহস্যময় কর্মসূচি এবং তারা হঠাৎ সহিংস হয়ে উঠতে পারে। তিনি বলেন, "তবে তারা যতই বাধা সৃষ্টি করুক না কেন, নির্বাচন বন্ধ করা যাবে না।" (ভোয়া ওয়েব পেজ: ০২.০১.২০২৪ এলিনা)

## স্বাধীনতা বিরোধী শক্তির ষড়যন্ত্রের বিরুদ্ধে সজাগ থাকতে জনগণের প্রতি প্রধানমন্ত্রী আহ্বান

স্বাধীনতা বিরোধী শক্তির ষড়যন্ত্রের বিরুদ্ধে সজাগ থাকতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনা। তিনি বলেন, চারপাশে ষড়যন্ত্র চলছে। মঙ্গলবার (২ জানুয়ারি) বিকালে ফরিদপুরের সরকারি রাজেন্দ্র কলেজ মাঠে এক জনসভায় তিনি এ কথা বলেন। শেখ হাসিনা বলেন, যারা বাংলাদেশের মুক্তিযুদ্ধকে সমর্থন করেনি, তারা এখনো ষড়যন্ত্র বন্ধ করেনি। আওয়ামী লীগ সভানেত্রী বলেন যে ষড়যন্ত্রকারীরা তাদের চক্রান্তের জাল বিস্তৃত করছে, কারণ তারা জানে বাংলাদেশ কখনো কারো কাছে মাথা নত করে না। শেখ হাসিনা বলেন, আমি বঙ্গবন্ধুর কন্যা, আমি কখনো কারো কাছে মাথা নত করি না এবং করবো না। তিনি বলেন, আওয়ামী লীগ সরকার ইতোমধ্যে সারাদেশে ব্যাপক উন্নয়নমূলক কাজ করেছে, আরো অনেক কিছু করার আছে। বাংলাদেশকে আমাদের উন্নত দেশ হিসেবে গড়ে তুলতে হবে। এর জন্য আপনাদের কার প্রয়োজন ? শুধু আমাকে বলুন। কেবল নৌকাই এটি করতে পারে, যোগ করেন শেখ হাসিনা।

উল্লেখ্য, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী দিয়েছে আওয়ামী লীগ ও জাতীয় পার্টিসহ ৩০টি নিবন্ধিত রাজনৈতিক দল। এদের মধ্যে রয়েছে ১৪ দলীয় জোটের শরিক দলগুলো। আর, ৩০০টি সংসদীয় আসনের জন্য এসব দলের মোট ১,৮৯৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

বিএনপি এই নির্বাচন বর্জন করেছে। এ ছাড়া, বেশ কয়েকটি রাজনৈতিক দল নির্বাচনে অংশ নেয়নি। সেগুলোর মধ্যে রয়েছে; এলডিপি, খেলাফত মজলিস, সিপিবি, বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি, ইসলামী আন্দোলন, জমিয়তে উলামায়ে বাংলাদেশ, ইনসানিয়াত বিপ্লব, জাতীয় গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম, বাংলাদেশের জাতীয় সমাজতান্ত্রিক দল-বাংলাদেশ জাসদ, জেএসডি (রব), বাসদ, বিজেপি, বাংলাদেশ খেলাফত মজলিস, বাংলাদেশ মুসলিম লীগ, গণফোরাম এবং বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি-বাংলাদেশ ন্যাপ।

(ভোয়া ওয়েব পেজ: ০২.০১.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## সুষ্ঠু নির্বাচন না হলে বিচ্ছিন্ন হয়ে পড়ার শঙ্কা ইসি আনিছুর রহমানের

বাংলাদেশের আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু গ্রহণযোগ্য হওয়ার বিকল্প নেই। কারণ সুষ্ঠু নির্বাচন না হলে বাংলাদেশ বিচ্ছিন্ন হয়ে যেতে পরতে পারে বলে শঙ্কা প্রকাশ করেছেন নির্বাচন কমিশনার (ইসি) আনিছুর রহমান। তাই কোনো মতেই নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করা যাবে না বলে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের আহ্বান জানিয়েছেন তিনি। এ সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

বাংলাদেশের আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু গ্রহণযোগ্য হওয়ার বিকল্প নেই। কারণ সুষ্ঠু নির্বাচন না হলে বাংলাদেশ বিচ্ছিন্ন হয়ে যেতে পরতে পারে বলে শঙ্কা প্রকাশ করেছেন নির্বাচন কমিশনার (ইসি) আনিছুর রহমান। তাই কোনো মতেই নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করা যাবে না বলে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের আহ্বান জানিয়েছেন তিনি। আজ মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য তিনি এসব কথা বলেন। এ সময়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মো. মোস্তাফিজুর রহমান জানিয়েছেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন গণপরিবহন, রেগুলার লাইনের বাস ও প্রাইভেটকারের ওপর নিষেধাজ্ঞা থাকবে না। অন্যান্য বছরের তুলনায় এবার এসব যানবাহন চলাচলের বিষয়ে কিছুটা শিথিলতা আনা হয়েছে। তবে মোটরসাইকেল, স্পিডবোটসহ বেশকিছু যানবাহনের চলাচলে নিষেধাজ্ঞা থাকবে। নির্বাহী মেজিস্ট্রেটদের উদ্দেশ্য করে তিনি বলেন, মোবাইল কোর্ট পরিচালনার সময় কোনো ছবি তুলবেন না। মানুষের সঙ্গে কোনো খারাপ ব্যবহার করবেন না। মাঠ পর্যায়ে সব বাহিনীর সঙ্গে সমন্বয় করে দায়িত্ব পালন করবেন।

এছাড়া অস্ত্র আইনের বিধান অনুযায়ী লাইসেন্সধারী কোনো ব্যক্তি যেকোন ধরনের অস্ত্র বহন ও প্রদর্শন করতে পারবেন না বলেও মন্তব্য করেন তিনি। (রেডিও তেহরান:২০৩০ ঘ. ০২.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

**ঢাকা-১৯ আসনে ত্রিমূখী লড়াইয়ের সম্ভাবনা ; হবিগঞ্জ-4 আসনেও হবে প্রার্থীদের মধ্যে ভোটের লড়াই**

আর মাত্র কয়েকদিন পরই বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন। তাই জমে উঠেছে প্রার্থীদের গণসংযোগ। ঢাকা-১৯ ও হবিগঞ্জ-৪ আসনের প্রার্থীদের প্রচারণার উত্তাপ নিয়ে প্রতিবেদন করেছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি:

আর মাত্র কয়েকদিন পরই বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন। তাই জমে উঠেছে প্রার্থীদের গণসংযোগ। ঢাকা-১৯ ও হবিগঞ্জ-৪ আসনের প্রার্থীদের প্রচারণার উত্তাপ সড়ক-মহাসড়কসহ অলিগলিতে। ভোটারদের দ্বারে দ্বারে গিয়ে দিচ্ছেন তারা উন্নয়নের প্রতিশ্রুতি। রাজধানী ও জেলা পর্যায়ের নির্বাচনী প্রচারণার উত্তাপ পরিস্থিতি জানতে কথা হয় বিভিন্ন প্রার্থীদের সঙ্গে। দেখা যায়, এখন পুরোদমে জমে উঠেছে ঢাকা-১৯ আসনের নির্বাচনের প্রচার-প্রচারণা। সাভারের মহাসড়ক, অলিগলি এখন ছেয়ে গেছে এই তিন প্রার্থীর ব্যানার পোস্টারে। এ আসনে আওয়ামী লীগের প্রার্থী দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী এনামুর রহমানের সাথে দুই স্বতন্ত্র প্রার্থী আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য তালুকদার মো. তৌহিদ জং ওরফে মুরাদ জং এবং আশুলিয়া থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুহাম্মদ সাইফুল ইসলামের ত্রিমুখি লড়াই হবে বলে মনে করছেন ভোটাররা। ডা. এনামুর রহমান নির্বাচনী প্রচারণায় বলেন, মানুষের কল্যাণে কাজ করায়,আবারো তিনি নির্বাচিত হবেন এই আশা তার (স্বকণ্ঠে) : মানুষকে আমি যার যার প্রাপ্য শ্রদ্ধা দিয়েছি, সম্মান দিয়েছি, আদর দিয়েছি আর ভালোবাসা দিয়েছি। আর জয়ের ব্যাপারের শতভাগ আশাবাদী স্বতন্ত্র প্রার্থী তালুকদার মো. তৌহিদ জং মুরাদ (স্বকণ্ঠে) ঈগল মার্কা নিয়ে আপনাদের কাছে এসেছি, আমার ইজ্জতটা রাখবেন না' আমার ইলেকশনটা আপনারা করে দিবেন না। আরেক স্বতন্ত্র প্রার্থী মুহাম্মদ সাইফুল ইসলামও মনে করেন ভোটাররা তাকেই ভোট দিবেন (স্বকণ্ঠে) : যত সন্ত্রাস, মাস্তান, চাঁদাবাজ, মাদক ব্যবসায়ী আছে এগুলো এই অঞ্চলে থাকবে না।

এদিকে, নির্বাচনকে ঘিরে ঢাকার বাইরে জেলা-উপজেলায় চলছে নানা ধরনের প্রচারণা। সিলেটের হবিগঞ্জের চুনারুঘাট ও মাধবপুর এই দুটি উপজেলা ও ২৩ টি চা বাগান নিয়ে গঠিত হবিগঞ্জ-4 আসন। এই আসন থেকে লড়ছেন ৮ জন প্রার্থী। এর মধ্যে আওয়ামী লীগ প্রার্থী বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী এমপি এবং স্বতন্ত্র প্রার্থী ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন প্রতিদ্বন্দ্বিতা করছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমের জনপ্রিয় ব্যক্তিত্ব ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমনকে বিভিন্ন মহল খুব হেভিওয়েট প্রার্থী বলেই গণ্য করছেন (স্বকণ্ঠে) : আমি নির্বাচিত হলে আপনি এই আসনের মাটি, আকাশ দেখে চিনতে পারবেন। কারণ আকাশে অনেক পাখি। কারণ পাখিরা শান্তির নীড় খুঁজে পাবে এই আসনে। তবে পিছিয়ে নেই হবিগঞ্জ-4 আসনে আওয়ামী লীগ মনোনীত মো. মাহবুব আলীও (স্বস্কণ্ঠে) : কেউ বলতে পারবে না যে চাকরি দেওয়ার কথা বলে পাল্টি খায়। কোন ধরনের কোন দুর্নীতি যাতে স্পর্শ না করে এই চেষ্টা সবসময় করছি। (রেডিও তেহরান:২০৩০ ঘ. ০২.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## ডয়চে ভেলে

### ভোটের জন্য প্রস্তুত নির্বাচন কমিশন

আর চারদিন পরই দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন। বিএনপি এবং তাদের 'সমমনা'রা এই নির্বাচনে অংশ না নিলেও নির্বাচন সুষ্ঠু এবং অবাধ করতে সার্বিক প্রস্তুতি প্রায় শেষ করে ফেলেছে নির্বাচন কমিশন। বুধবার থেকে মাঠে নামছে সেনাবাহিনী। নির্বাচন কমিশন মঙ্গলবার প্রথমবারের মতো আচরণবিধি লঙ্ঘনের জন্য একজন প্রার্থীর প্রার্থীতা বাতিল করেছে। তিনি হলেন লক্ষ্মীপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ হাবিবুর রহমান পবন। অন্যদিকে, সুপ্রিম কোর্টের আপিল বিভাগ দ্বৈত নাগরিকত্বের কারণে বরিশাল-৪ আসনে আওয়ামী লীগের প্রার্থী শাম্মী আহমেদ এবং বরিশাল-৫ আসনের স্বতন্ত্র প্রার্থী সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহর প্রার্থিতা বাতিলে হাইকোর্টের আদেশ বহাল রেখেছেন। ফলে তারা আর নির্বাচন করতে পারছেন না। অন্যদিকে, ফরিদপুর-৩ আসনে নৌকার প্রার্থী শামীম হকের দ্বৈত নাগরিকত্বের ব্যাপারে আপিল বিভাগ শুনানি করবেন নির্বাচনের পর। ফলে শামীম হক নির্বাচনে প্রার্থী থাকছেন। পুলিশসহ আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের ধাপে ধাপে মোতায়েন শুরু হয়েছে। বিজিবি এবং কোস্টগার্ডও থাকবে। এর বাইরে থাকছেন তিন হাজার ৮২০ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট। তবে ইতোমধ্যে আট বিভাগে এক হাজার ১৬২ জন নির্বাহী ম্যাজিস্ট্রেটকে নির্বাচনের কাজে নিয়োগ করা হয়েছে। আর ভ্রাম্যমাণ আদালতে আছেন ৭৫৪ জন ম্যাজিস্ট্রেট। আরো এক হাজার ৪০৯ জন ম্যাজিস্ট্রেট ভোটের দিন দায়িত্ব পালন করবেন।

নির্বাচনে নিরাপত্তার মূল দায়িত্ব পালন করবেন পুলিশ সদস্যরা। সারা দেশে মোট এক লাখ ৭৫ হাজার পুলিশ ফোর্স নির্বাচনে নিরাপত্তার দায়িত্ব পালন করবেন। এর মধ্যে ঢাকায় দায়িত্ব পালন করবেন ২২ হাজার পুলিশ সদস্য। এর বাইরে সেনাসদস্য, বিজিবি, র‍্যাব ও কোস্টগার্ড মিলিয়ে আরো প্রায় ৫০ হাজার ফোর্স মোতায়েন থাকবে। তারা নির্বাচনের দুই-তিন দিন আগেই পূর্ণ শক্তিতে কেন্দ্রের বাইরের নিরাপত্তা, প্রিজাইডিং ও পোলিং অফিসার, ভোটার ও প্রার্থীসহ সবার নিরাপত্তা নিশ্চিত করবে বলে জানিয়েছে কমিশন ।

নির্বাচনে ৪২ হাজার ১৪৯টি ভোটকেন্দ্র এবং ভোটকক্ষ থাকবে দুই লাখ ৬১ হাজার ৫৬৫টি। এবারের নির্বাচনে মোট ১১ কোটি ৯৬ লাখ ৯১ হাজার ৬৩৩ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করার সুযোগ পাবেন। নির্বাচনে পুলিশ ভোট কেন্দ্রের বাইরের নিরাপত্তায় থাকবে। সেনাবহিনী, বিজিবি, কোস্টগার্ড ও র‍্যাব সদস্যরা স্ট্রাইকিং ফোর্সের দায়িত্ব পালন

করবে। আর ভোট কেন্দ্রের ভিতরে নিরাপত্তার দায়িত্বে থাকবেন আনসার সদস্যরা। প্রতিটি কেন্দ্রে ১৫ থেকে ১৭জন আনসার সদস্য থাকবেন। এই কাজে নিয়োজিত থাকবেন সাত লাখেরও বেশি আনসার সদস্য । দেশের বিভিন্ন এলাকায় ইতোমধ্যে ব্যালট পেপার পাঠানো শুরু হয়েছে। দূরবর্তী ও দুর্গম এলাকা বিবেচনা করে পর্যায়ক্রমে এই ব্যালট পেপার পাঠানো হচ্ছে। ব্যালট বাক্স আগেই পাঠানো শুরু হয়েছে। তবে ভোট কেন্দ্রে ব্যালট পেপার যাবে ভোটের দিন সকালে। ৩০০ আসনের মধ্যে নির্বাচন হবে ২৯৯ আসনে। নওগাঁ-২ আসনে স্বতন্ত্রপ্রার্থী আমিনুল হকের মৃত্যুর কারণে ঐ আসনের নির্বাচন স্থগিত করা হয়েছে। মোট প্রার্থী এক হাজার ৮৯৫ জন ।

নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ ডয়চে ভেলেকে বলেন, "নির্বাচনে আমাদের সার্বিক প্রস্তুতি ভালো। ১১ টি আসন বাদে আর সব আসনের ব্যালট পেপার পৌঁছে গেছে। কালকের ( বুধবার) মধ্যে ২৯৯ আসনেই ব্যালট পেপার পৌঁছে যাবে। একটি আসনে প্রার্থীর মৃত্যুর কারণে নির্বাচন স্থগিত আছে। শতকরা ৮৫ ভাগ কেন্দ্রে ব্যালট পেপার ভোটের দিন সকালে যাবে। আর যে কেন্দ্রগুলো দুর্গম এলাকায়, সেখানে ভোটের আগের দিন যাবে। আইন-শৃঙ্খলা এবং প্রস্তুতি ভালো আছে। সেনাবাহিনী কাল (বুধবার) থেকে মাঠে নামবে। তারা উপজেলা পর্যন্ত পৌঁছে গেছেন। নির্বাহী ম্যাজিস্ট্রেটরাও কাজ শুরু করবেন। নির্বাচনি কর্মকর্তাদের প্রশিক্ষণ শেষ হয়েছে। অভিযোগের নিষ্পত্তিও প্রায় শেষ। আমরা একজন প্রার্থীর প্রার্থিতা বাতিল করেছি।," জানান নির্বাচন কমিশনের এই কর্মকর্তা । তিনি বলেন, "আমরা আইন-শৃঙ্খলা নিয়ে এখানো কোনো খারাপ আশঙ্কা করছি না। আমাদের সার্বিক প্রস্তুতি আছে।"

জাতীয় নির্বাচন পর্যবেক্ষক পরিষদ (জানিপপ)-এর চেয়ারম্যান অধ্যাপক ড.নাজমুল আহসান কলিমুল্লাহ বিভিন্ন জেলায় ঘুরছেন নির্বাচনের সার্বিক প্রস্তুতি দেখতে। তিনি মঙ্গলবার গাজীপুরে অবস্থান করছিলেন। তিনি বলেন, "আইন-শৃঙ্খলাসহ সার্বিক প্রস্তুতি আমার কাছে ভালোই মনে হচ্ছে। তবে শেষ পর্যন্ত কী হয় তা নির্বাচনের দিন বোঝা যাবে। নির্বাচন কমিশন একজন প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ বিভিন্ন বিষয়ে দৃঢ়তার পরিচয় দিচ্ছে। এই নির্বাচনকে নানা কারণে সিরিয়াসলি নিয়েছে নির্বাচন কমিশন। প্রধান নির্বাচন কমিশনার তো বলেই দিয়েছেন তাদের ঘাড়ের ওপর থাবা আছে। আর নির্বাচন কমিশনার মো. আনিছুর রহমান বলেছেন, "তারা ক্রেডিবল নির্বাচন আয়োজনে ব্যর্থ হলে রাষ্ট্র সংকটে পড়বে।"তবে তিনি মনে করেন, "বিএনপিসহ তাদের সমমনা রাজনৈতিক দলগুলোর নির্বাচন বর্জন এবং ভোটদানে বিরত থাকার আহ্বান পুরো প্রক্রিয়াটিতে অপ্রস্তুত অবস্থায় ফেলেছে। সকল দলের অংশগ্রহণে নির্বাচন হলে সেটা হতো আদর্শ স্থানীয়। যেটি হচ্ছে সেটা আংশিক ক্রটিপূর্ণ।"(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২.১.২৪ রিহাব)

## এনএইচকে

### জাপান সাগরের উপকূলে প্রবল ভূমিকম্পের পর হতাহতের সংখ্যা বেড়ে চলেছে

নববর্ষের দিনে মধ্য জাপানের ইশিকাওয়া জেলায় একটি মারাত্মক ভূমিকম্পের পর উদ্ধার অভিযান এখনও চলছে। ইশিকাওয়া জেলায় কমপক্ষে ৪৮ জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা হয়েছে, তবে এই সংখ্যা এখনও আরও বাড়তে পারে, কারণ আরও অনেকে এখনও ধসে পড়া ভবনের নিচে আটকা পড়ে রয়েছেন। সোমবার বিকেলে একটি শক্তিশালী ভূমিকম্পের পর জাপানের আবহাওয়া সংস্থা জাপান সাগর বরাবর জারি করা সুনামি সংক্রান্ত সমস্ত পরামর্শ তুলে নিয়েছে। তবে কর্মকর্তারা সতর্ক করেছেন যে পরের সপ্তাহে, বিশেষ করে পরবর্তী দুই থেকে তিন দিনে, শক্তিশালী ভূমিকম্প পরবর্তী কম্পন হতে পারে। মঙ্গলবার সকালে জাতির উদ্দেশে ভাষণ দেন জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও। কিশিদা বলেন, রাস্তায় প্রতিবন্ধকতার কারণে ত্রাণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। এর ফলে ভারী যন্ত্রপাতি পাঠানোও কঠিন হয়ে পড়ছে। আমরা যাত্রাপথ নিরাপদ করার উপায় নিয়ে ভাবছি এবং এক্ষেত্রে জাহাজ ব্যবহার করা একটি বিকল্প হতে পারে। জনগণের চাহিদা মেটাতে আমরা যথাসাধ্য করতে প্রস্তুত। মধ্য জাপানের ইশিকাওয়া জেলায় নববর্ষের দিনে ৭.৬ মাত্রার ভূমিকম্প আঘাত হানে, যার জন্য অধিকাংশ লোকজন একেবারেই প্রস্তুত ছিলেন না। ভূমিকম্পের কারণে এই জেলায় একটি বড় সুনামির সতর্কতা জারি করা হয়। ইশিকাওয়ার বেশ কয়েকটি শহরে সুনামি আঘাত হানে। ওয়াজিমা ১২০ সেন্টিমিটার উঁচু সুনামি তরঙ্গের কথা জানায় এবং কানাযাওয়া ৯০ সেন্টিমিটার সুনামি রেকর্ড করে। অন্যান্য জেলাগুলোও সুনামি আঘাত হানার খবর দেয়। প্রতিবেশী তোইয়ামা জেলায়, কর্তৃপক্ষগুলো জানাচ্ছে যে তারা বিভিন্ন স্থানে রাস্তার ফাটল এবং ভাঙ্গা পানির পাইপের খবর পেয়েছে। এই অঞ্চলে বেশ কিছু পারমাণবিক স্থাপনা রয়েছে, তবে সেগুলোর কোনটিতেই বড় ধরনের অনিয়মের কোন খবর পাওয়া যায়নি।
(এনএইচকে ওয়েব পেজঃ ০২.০১.২০২৪ এলিনা)

## জাগো এফএম

### সরকারি সেবার সুফল সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে হবে : রাষ্ট্রপতি

সরকারি সেবার সুফল সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে উদ্যমী ও সৃষ্টিশীল ব্যক্তি, বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থাকে আন্তরিকভাবে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। তিনি জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষ্যে এক বাণীতে এ আহ্বান জানান। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে আজ মঙ্গলবার জাতীয় সমাজসেবা দিবস ২০২৪ পালিত হচ্ছে জেনে সন্তোষ প্রকাশ করে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন জানান, এ দিবসের এ বছরের নির্ধারিত প্রতিপাদ্য 'সমাজসেবায় গড়বো দেশ, স্মার্ট হবে বাংলাদেশ' যথার্থ হয়েছে বলে তিনি মনে করেন। রাষ্ট্রপতি বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে আমরা অর্জন করি আমাদের প্রিয় স্বাধীনতা। পাকিস্তানি কারাগারের বন্দিদশা থেকে মুক্ত হয়ে দেশে ফিরেই বঙ্গবন্ধু যুদ্ধ বিধ্বস্ত দেশ পুনর্গঠনের

পাশাপাশি দুঃস্থ ও অসহায় মানুষের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করেন। এজন্য তিনি বাংলাদেশের সংবিধানে ১৫ এর ঘ অনুচ্ছেদ সন্নিবেশনের মাধ্যমে সামাজিক নিরাপত্তাকে রাষ্ট্রীয় কাঠামোর অন্তর্ভুক্ত করেন। পরে ১৯৭৪ সালে সুদমুক্ত ঋণ কার্যক্রম প্রচলন করে দেশে ও সমসাময়িক বিশ্বে অনন্য নজির স্থাপন করেন।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

**সরকার দেশের দরিদ্র মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার জাতির পিতার প্রদর্শিত পথ অনুসরণ করে দেশের দরিদ্র মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।' জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে তিনি বলেন, 'সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবিসংবাদিত নেতৃত্বে আমরা অর্জন করেছি মহান স্বাধীনতা। তিনি যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের অসহায়, অনগ্রসর মানুষকে দক্ষ মানবসম্পদে রূপান্তর করা ও মানবাধিকার সমুন্নত রাখার জন্য দেশ পুনর্গঠনের শুরুতেই সাংবিধানিক নিশ্চয়তা প্রদানসহ সুদূরপ্রসারী বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেন।' প্রধানমন্ত্রী বলেন, 'সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে ২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০২৪ উদযাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য 'সমাজ সেবায় গড়বো দেশ, স্মার্ট হবে বাংলাদেশ' অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।' তিনি বলেন, ১৯৭৪ সালে বঙ্গবন্ধু সুদমুক্ত ক্ষুদ্রঋণ কর্মসূচি প্রবর্তন এবং নারীর ক্ষমতায়নের জন্য পল্লী মাতৃকেন্দ্র শীর্ষক উন্নয়ন প্রকল্প গ্রহণ করেন। শিশুদের সুরক্ষায় প্রণয়ন করেন শিশু আইন, ১৯৭৪। জাতির পিতা শিশু বিকাশের লক্ষ্যে কেয়ার এ্যান্ড প্রোটেকশন সেন্টার প্রতিষ্ঠা করেন, বর্তমানে যা সরকারি শিশু পরিবার নামে পরিচিত। প্রতিটি শিশু পরিবারে আমাদের সরকার প্রবীণদের জন্য ১০টি আসন বরাদ্দ রাখার ব্যবস্থা করেছে। বর্তমানে সমাজসেবা অধিদফতরের অধীন বিভিন্ন ধরনের ২২৬টি প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

**ড. ইউনূসের দণ্ডে আওয়ামী লীগের কোনো দায় নেই : সেতুমন্ত্রী**

নির্বাচন অংশগ্রহণমূলক হচ্ছে বরং বিএনপি ও তার দোসররাই একতরফাভাবে নির্বাচনের বিরোধিতা করছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ মঙ্গলবার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে দলীয় সভাপতির কার্যালয়ে তিনি আরো বলেন, 'লিফলেট বিতরণ বিএনপির রহস্যময় কর্মসূচি। হঠাৎ তারা সশস্ত্র হয়ে উঠতে পারে। তবে তারা যতই বাধা দিক নির্বাচন ঠেকানো যাবে না।' ড. ইউনূসের সাজা নিয়ে এক প্রশ্নের জবাবে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, 'আদালতের রায়েই তিনি দণ্ডিত হয়েছেন। এখানে আওয়ামী লীগের কোনো দায় নেই। যে শ্রমিকদের পাওনা থেকে বঞ্চিত করেছেন তারাই মামলা করেছেন।' জাপার কিছু প্রার্থীর নির্বাচন থেকে সরে আসা প্রসঙ্গে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, 'জাতীয় পার্টির দুই-একজন ব্যক্তিগত অসুবিধার কারণে নির্বাচন নাও করতে পারেন। কিন্তু দলগতভাবে নির্বাচন থেকে তারা সরে যাবে বলে মনে হয় না। যাদের সঙ্গে কম্প্রোমাইজ হয়েছে তারা তো কেউ সরে যায়নি।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

**নির্বাচনে কোনো ধরনের হট্টগোল বরদাশত করা হবে না : যুবলীগ চেয়ারম্যান**

যুবলীগ চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ বলেছেন, 'নির্বাচনে কোনো ধরনের হট্টগোল বরদাশত করা হবে না, এক্ষেত্রে জিরো টলারেন্স। যেকোনো ধরনের সংঘাত পরিহার করতে হবে। হট্টগোল কিংবা সংঘাত যদি হয় তাহলে কিন্তু নির্বাচন গ্রহণযোগ্য হয় না। গ্রহণযোগ্যতার মাপকাঠি একেক মানুষের কাছে একেক রকম। এ বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে।' আজ মঙ্গলবার দুপুরে হবিগঞ্জের মাধবপুর উপজেলা সদরের কিবরিয়া চত্বরে আয়োজিত সমাবেশে যুবলীগ চেয়ারম্যান প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। হবিগঞ্জ-৪ আসনে আওয়ামী লীগের প্রার্থী অ্যাডভোকেট মাহবুব আলী সমাবেশে সভাপতিত্ব করেন। সমাবেশে যুবলীগ চেয়ারম্যান বলেন, 'আগামী ৭ জানুয়ারি নির্বাচনে আপনারা নৌকাতেই ভোট দেবেন। অনেক দুঃসময়েও নৌকায় ভোট দিয়েছেন। প্রধানমন্ত্রীর আপনাদের প্রতি আস্থা আছে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

**ভোট সুষ্ঠু না হলে বিশ্ব থেকে বিচ্ছিন্ন হয়ে যাবো : ইসি আনিছুর**

নির্বাচন কমিশনার আনিছুর রহমান বলেছেন, 'আমরা সর্বাধিক বিচারিক হাকিম নিয়োগ করেছি এবারের ভোটে। আমাদের উদ্দেশ্য একটাই অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন। অবাধ, গ্রহণযোগ্য ও সুষ্ঠু নির্বাচন কোনো কারণে যদি না করতে পারি, যদি কোনো কারণে ব্যর্থ হয়, তাহলে আমাদের রাষ্ট্র নিজেই ব্যর্থ রাষ্ট্র হয়ে যাবে। আমরা সেটা চাইবো না কারণ আমরা সমগ্র বিশ্ব থেকে বিচ্ছিন্ন হয়ে যাবো।' আজ মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইসি আনিছুর রহমান বলেন, 'আমরা মনে করি আমাদের নৈতিক দায়িত্ব ও কর্তব্য ভোট অবাধ ও গ্রহণযোগ্য করা। রাষ্ট্রের দায়িত্ব সংবিধানে স্পষ্ট উল্লেখ আছে ভোটের সময় রাষ্টের সব নির্বাহী বিভাগ সুষ্ঠু ভোট করতে নির্বাচন কমিশনকে সহায়তা করবে। সবার দায়িত্ব নির্বাচন কমিশনকে সহায়তা করা। তারই অংশ হিসেবে আমরা সবাই সাংবিধানিক দায়িত্ব পালন করবো। কোনোভাবেই এই নির্বাচনকে প্রশ্নবিদ্ধ হতে দেওয়া যাবে না। যখন যে পদক্ষেপ নেওয়া দরকার সময়ক্ষেপণ না করে দ্রুত পদক্ষেপ নিতে হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

## আইন সম্পর্কে না জেনে ড. ইউনূসের রায় নিয়ে বিদেশিদের প্রতিক্রিয়া : অ্যাটর্নি জেনারেল

বাংলাদেশের আইন সম্পর্কে না জেনে নোবেলজয়ী ড. ইউনূসের মামলা নিয়ে মন্তব্য করা হচ্ছে বলে মন্তব্য করেছেন রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেল এ. এম. আমিন উদ্দিন। তিনি বলেন, 'বাংলাদেশ থেকে যেভাবে বোঝানো হয়, বিদেশিরা সেভাবেই কোনো বিষয় নিয়ে মন্তব্য করে থাকেন।' শ্রম আইন লঙ্ঘনের অভিযোগের মামলায় ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ডের বিরুদ্ধে নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের রায় নিয়ে দেশি-বিদেশি বিভিন্ন ব্যক্তিদের প্রতিক্রিয়া নিয়ে আজ ঙ্গলবার এসব কথা বলেন তিনি। ঢাকার শ্রম আদালতে ড. ইউনূসসহ চারজনের বিরুদ্ধে ছয় মাসের বিনাশ্রমে কারাদণ্ড দিয়ে রায় ঘোষণার পর সোমবার, ১ জানুয়ারি সুপ্রিম কোর্টের আইনজীবী সুব্রত চৌধুরী, ব্যারিস্টার সারা হোসেন, অ্যাডভোকেট তাজুল ইসলাম ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও রাজনৈতিক বিশ্লেষক ড. আসিফ নজরুল প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

## বুধবার থেকে মাঠে নামছে সশস্ত্র বাহিনী

আগামী ৭ জানুয়ারি অনুষ্ঠেয় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে স্থানীয় বেসামরিক প্রশাসনকে সহায়তা দিতে বুধবার, ৩ জানুয়ারি থেকে মাঠে নামছে সশস্ত্র বাহিনী। আজ মঙ্গলবার আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর, আইএসপিআর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছ। আইএসপিআর জানায়, জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে স্থানীয় বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদানের জন্য সংবিধানের ১২৬ অনুচ্ছেদ অনুসারে 'ইন এইড টু দ্যা সিভিল পাওয়ার' এর আওতায় সশস্ত্র বাহিনী নিয়োজিত হয়েছে। সশস্ত্র বাহিনী ভোট গ্রহণের আগে, ভোট গ্রহণের দিন ও ভোটগ্রহণের পরে শান্তি-শৃঙ্খলা নিয়ন্ত্রণ নিশ্চিত করার লক্ষ্যে দেশব্যাপী ৩ থেকে ১০ জানুয়ারি পর্যন্ত নির্বাচন কমিশন ও স্থানীয় বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদান করবে। সশস্ত্র বাহিনীর সদস্যরা প্রতিটি জেলা, উপজেলা ও মেট্রোপলিটন এলাকার নোডাল পয়েন্ট ও অন্যান্য সুবিধাজনক স্থানে অবস্থান করবেন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

## ডিএমপির মাদক বিরোধী অভিযানে রাজধানীতে ৩২ জন গ্রেফতার

রাজধানীর বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান চালিয়ে মাদক বিক্রি ও সেবনের অভিযোগে ৩২ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন অপরাধ ও গোয়েন্দা বিভাগ।গ্রেফতারের সময় তাদের হেফাজত থেকে ৮ হাজার ৯১৬ পিস ইয়াবা, ৬১ কেজি ৯০০ গ্রাম গাঁজা, ৫০ গ্রাম হেরোইন, ২০০ বোতল ফেনসিডিল ও ২ বোতল দেশি মদ উদ্ধার করা হয়। ডিএমপির নিয়মিত মাদক বিরোধী অভিযানের অংশ হিসেবে সোমবার সকাল ছয়টা থেকে আজ সকাল ছয়টা পর্যন্ত রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান চালিয়ে মাদকদ্রব্য উদ্ধারসহ তাদেরকে গ্রেফতার করা হয়। আজ মঙ্গলবার ডিএমপির মিডিয়া শাখা থেকে এ তথ্য জানানো হয়েছে। গ্রেফতার ৩২ জনের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২৫ টি মামলা রুজু হয়েছে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের অগ্রযাত্রা কেউ থামাতে পারবে না : প্রধানমন্ত্রী

নৌকার প্রার্থীদের জন্য ভোট প্রত্যাশা করে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'এই নৌকা আপনাদের স্বাধীনতা দিয়েছে। এ নৌকাই পারবে মানুষকে উন্নত জীবন দিতে, শান্তি-সমৃদ্ধি দিতে। এই নৌকায় আপনারা ভোট দিয়েছিলেন বলেই আজকের বাংলাদেশ ডিজিটাল বাংলাদেশ।' আজ মঙ্গলবার বিকেলে ফরিদপুরের সরকারি রাজেন্দ্র কলেজ মাঠে আওয়ামী লীগ আয়োজিত নির্বাচনী জনসভায় দেওয়া ভাষণে এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেন, 'নৌকায় ভোট দেবেন। ২০৪১ সালের মধ্যে আমরা স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবো। সেই স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার পদক্ষেপ নেওয়ার জন্যই আজকের নির্বাচন। কাজেই এই নির্বাচনে ভোট দিয়ে আমাদের জয়যুক্ত করবেন। আপনার ভোট আপনি রক্ষা করবেন আর অগ্নি সন্ত্রাসী, জঙ্গিবাদী বিএনপি-জামায়াতকে উপযুক্ত জবাব দেবেন। ইনশাআল্লাহ বাংলাদেশের অগ্রযাত্রা কেউ থামাতে পারবে না।' আগামী ৭ জানুয়ারির নির্বাচনে কেবল নিজে নয়, পরিবার-পরিজন নিয়ে ভোটকেন্দ্রে গিয়ে ভোট দেওয়ার মাধ্যমে বিএনপি-জামায়াতের অগ্নি সন্ত্রাসের উপযুক্ত জবাব দেওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান আওয়ামী লীগ সভাপতি।

(জাগো এফএম : ১৯০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

## বুধবার ভার্চুয়ালি ৫ জেলায় ও একটি উপজেলায় জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী

সারা দেশে চলছে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের প্রচারণা। প্রার্থীরা তাদের নিজ এলাকায় প্রচারণায় ব্যস্ত সময় কাটাচ্ছেন। তারই ধারাবাহিকতায় নির্বাচনকে সামনে রেখে দেশের পাঁচটি জেলা ও একটি উপজেলার নির্বাচনী জনসভায় ভার্চুয়ালি অংশ নেবেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। বুধবার, ৩ জানুয়ারি বিকেল ৩টায় রাজধানীর তেজগাঁওয়ের ঢাকা জেলা আওয়ামী লীগ ভবন প্রান্ত থেকে নির্বাচনী ভার্চুয়াল জনসভায় ভাষণ দেবেন তিনি। আজ মঙ্গলবার বিকেলে আওয়ামী লীগের দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়ার সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা পর্যায়ক্রমে রংপুর বিভাগের গাইবান্ধা জেলা, রাজশাহী বিভাগের রাজশাহী জেলা ও মহানগর, ঢাকা বিভাগের টাঙ্গাইল জেলা এবং চট্টগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়িয়া জেলা, কুমিল্লা উত্তর-দক্ষিণ জেলা ও মহানগর এবং চট্টগ্রাম জেলার স্বন্দীপ উপজেলার নির্বাচনী জনসভায় বক্তব্য রাখবেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

**পৃথিবীতে বহু নোবেল বিজয়ীর কারাভোগের নজির আছে : তথ্যমন্ত্রী**

তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'পৃথিবীতে বহু নোবেল বিজয়ীর বিরুদ্ধে দেশে দেশে মামলা হয়েছে। অনেকে শাস্তি ভোগ করেছেন এবং কারাগারেও ছিলেন। এ ধরনের অনেক ঘটনা আছে। যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন, সেই পুরস্কারের অর্থ কে কত টাকা পাবেন, এ নিয়েও নোবেল বিজয়ীরা একে অপরের বিরুদ্ধে মামলাও করেছেন।' আজ মঙ্গলবার দুপুরে চট্টগ্রাম নগরের দেওয়ানজী পুকুর লেনের ওয়াইএনটি সেন্টারে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের কারাদণ্ডের রায় প্রসঙ্গে তিনি এ কথা বলেন। তিনি বলেন, 'গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনূসকে আদালত দণ্ডিত করেছেন। এরপর আপিল করার শর্তে তাকে আবার জামিনও দেওয়া হয়েছে। এ নিয়ে দেশে-বিদেশে বিভ্রান্তি এবং সরকারকে প্রশ্নবিদ্ধ করার চেষ্টা হচ্ছে। এখানে সরকার কোনো পক্ষ নেই, সরকার মামলাও করেনি। মামলা করেছে গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীরা। সেই মামলায় শাস্তি হয়েছে ড. মুহাম্মদ ইউনূসের।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

**বিএনপি নির্বাচনে বাধা দিচ্ছে না, পরিহার করেছে : মঈন খান**

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এরই মধ্যে হয়ে গেছে জনগণও তা জানে, এমন মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আব্দুল মঈন খান। তিনি বলেন, 'ইলেকশন নয় সিলেকশনে জনপ্রতিনিধি ঠিক হচ্ছে এবার। ভোট বর্জনের দাবিতে আজ মঙ্গলবার বিকেলে গুলশানে লিফলেট বিতরণ করে এসব কথা বলেন মঈন খান। তিনি আরো বলেন, 'আমরা রাজপথে আছি, রাজপথে থাকবো। আমরা নির্বাচন প্রক্রিয়ায় বাধা দিচ্ছি না, এ নির্বাচন আমরা পরিহার করছি। বিএনপির লক্ষ্য ভোটের অধিকার ফিরিয়ে দেওয়া, সেই লক্ষ্যে আমাদের শান্তিপূর্ণ আন্দোলন চলছে, চলবে। মঈন খান বলেন, 'দেশের হারানো গণতন্ত্র ফিরিয়ে আনা, মানুষের ভোটের অধিকার পুনঃপ্রতিষ্ঠা করা এবং শান্তিপূর্ণ আন্দোলনের মাধ্যমে রাজনীতিতে গণতন্ত্র ফিরিয়ে দেওয়াই আমাদের লক্ষ্য। সেই লক্ষ্যেই আমরা এ লিফলেট বিতরণ করছি। মানুষের কাছে সেই বার্তাই পৌঁছে গেছে এটি কোনো নির্বাচন নয়, এটি নির্বাচনের নামে একটি খেলা মাত্র।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

**ছোট হচ্ছে পোশাক পণ্যের বড় বাজার, বিকল্পের খোঁজে রপ্তানিকারকরা**

দেশের মোট রপ্তানি আয়ের ৮৪ শতাংশ আসে পোশাক শিল্পখাত থেকে। আর এই দেশীয় তৈরি পোশাকের বড় বাজার যুক্তরাষ্ট্র ও ইউরোপের দেশগুলো। এরমধ্যে একক দেশ হিসেবে বাংলাদেশের তৈরি পোশাকের সর্ববৃহৎ বাজার যুক্তরাষ্ট্র। তবে সাম্প্রতিক সময়ে বড় বাজারগুলোতে বাংলাদেশের পোশাক পণ্যের রপ্তানি কমেছে। একই চিত্র বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানির আরেক বড় বাজার কানাডায়ও। পোশাক পণ্যের বড় বাজারগুলোতে রপ্তানি কমায় চিন্তার ভাঁজ পড়েছে উদ্যোক্তাদের মাঝে। বাজারের এ অবস্থার পরিবর্তন না হলে এ খাত থেকে দ্রুতই কমা শুরু হতে পারে রপ্তানি আয়। তবে ইতোমধ্যে বিকল্প বাজার সন্ধানের পথে হাঁটা শুরু করেছেন পোশাকখাতের উদ্যোক্তারা। তারা ইউরোপ-আমেরিকার ওপর নির্ভরতা কমিয়ে নতুন বা অপ্রচলিত বাজারের দিকে ঝুঁকছেন। বড় বাজারগুলোর ওপর অতি নির্ভরতা এড়াতে অপ্রচলিত বাজার সম্প্রসারণে নেওয়া হয়েছে নানান উদ্যোগ। সরকারের পক্ষ থেকেও রপ্তানিতে দেওয়া হচ্ছে ৪ শতাংশ হারে নগদ সহায়তা। (জাগো এফএম : ১৯০০ ঘ. ০২.০১.২০২৪ প্রতীক)

## রেডিও টুডে

**দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কোনভাবেই প্রশ্নবিদ্ধ করা যাবে না : ইসি আনিছুর**

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কোনভাবেই প্রশ্নবিদ্ধ করা যাবে না বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আনিছুর রহমান। মঙ্গলবার সকালে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ কর্মসূচিতে তিনি বলেন, এবারের নির্বাচন আন্তর্জাতিক সম্প্রদায় পর্যবেক্ষণ করছে। ভোট সুষ্ঠু না হলে বাংলাদেশ ব্যর্থ রাষ্ট্র হয়ে যাবে। তাই কোনভাবেই নির্বাচন প্রশ্নবিদ্ধ করতে দেয়া যাবে না। ইসি আনিছুর আরো বলেন, মুখে না বললেও বিদেশি পর্যবেক্ষকদের কথা ও আচরণে বোঝা যায় কেউ কেউ অসন্তুষ্ট। কমিশনের লক্ষ্য অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন উপহার দেয়া। তাই যখন যা দরকার তা অবশ্যই করতে হবে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০১.২০২৪ রুবাইয়া)

**আগামী ৭ জানুয়ারি ভোটের দিন গণপরিবহন, ব্যক্তিগত গাড়ি ও রিকশা চলাচল করবে**

আগামী ৭ জানুয়ারি ভোটের দিন গণপরিবহন, ব্যক্তিগত গাড়ি ও রিকশা চলাচল করবে। শীঘ্রই এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মোস্তাফিজুর রহমান। মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তবে ভোটের দিন মোটরসাইকেল, মাইক্রোবাস, স্টিমার চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন তিনি।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০১.২০২৪ রুবাইয়া)

**ফরিদপুরে আজ নির্বাচনি জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

ফরিদপুরে আজ নির্বাচনি জনসভায় ভাষণ দেবেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিকেল তিনটার দিকে সরকারি রাজেন্দ্র কলেজ মাঠে তার ভাষণ দেয়ার কথা রয়েছে। জনসভায় যোগ দিতে ইতোমধ্যে মিছিল সহকারে দলীয় নেতাকর্মীরা রাজেন্দ্র কলেজ মাঠে আসতে শুরু করেছেন। সমাবেশে লক্ষাধিক লোকের সমাগম হবে বলে আশা করা হচ্ছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০১.২০২৪ রুবাইয়া)

**নির্বাচন বর্জন করে বিএনপি'র লিফলেট বিতরণ কার্যক্রম রহস্যময় : ওবায়দুল কাদের**

নির্বাচন বর্জন করে বিএনপি'র লিফলেট বিতরণ কার্যক্রমকে রহস্যময় উল্লেখ করে নেতাকর্মীদের যেকোনো পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, বিএনপি এখন লিফলেট বিতরণের নামে কিছুটা নিরবতা দেখাচ্ছে। তবে হঠাৎ করেই তারা সশস্ত্র হয়ে মাঠে নেমে পড়বে। তারা গুপ্ত হামলায় ঝুঁকে পড়তে পারে। মঙ্গলবার রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন ওবায়দুল কাদের।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০১.২০২৪ রুবাইয়া)

**৭ জানুয়ারির নির্বাচন দেশের জনগণ মানে না : জয়নুল আবেদীন ফারুক**

একদলীয় নির্বাচন বর্জনের আহ্বান জানিয়ে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবেদীন ফারুক বলেছেন ৭ জানুয়ারির নির্বাচন দেশের জনগণ মানে না। মঙ্গলবার রাজধানীর তোপখানা রোডে ভোট বর্জনের আহ্বান সম্বলিত লিফলেট বিতরণ শেষে তিনি এই মন্তব্য করেন। ভোটাধিকার প্রতিষ্ঠার আন্দোলনের প্রতি সম্মান দেখিয়ে নির্বাচন বন্ধ করার কথা বলেন বিএনপি'র এই নেতা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০১.২০২৪ রুবাইয়া)

**বরিশাল-৪ আসনের আওয়ামী লীগ প্রার্থী ও ৫ আসনের স্বতন্ত্র প্রার্থী নির্বাচন করতে পারছেন না**

বরিশাল-৪ আসনে প্রার্থিতা ফিরে পেতে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী শাম্মী আহমেদ এর করা আপিল খারিজ করে দিয়েছেন আপিল বিভাগ। প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন ৬ সদস্যের আপিল বিভাগ মঙ্গলবার শুনানি নিয়ে এই আদেশ দেন। ফলে শাম্মী আহমেদ দ্বাদশ সংসদ নির্বাচনে লড়তে পারছেন না। এদিকে, বরিশাল-৫ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহর প্রার্থিতার বিষয়ে চেম্বার আদালতের দেয়া স্থগিতাদেশ চলমান থাকবে বলে আদেশ দিয়েছেন আপিল বিভাগের একই বেঞ্চ। ফলে সাদিক আব্দুল্লাহও এবার নির্বাচন করতে পারছেন না। (রেডিও টুডে; ১৩৪৫ ঘ. ০২.০১.২০২৪ রুবাইয়া)

**গাজীপুর-৪ আসনের স্বতন্ত্র প্রার্থী আলম আহমেদের প্রার্থিতা বহাল থাকছে**

গাজীপুর-৪ আসনে স্বতন্ত্র প্রার্থী আলম আহমেদের প্রার্থিতা বাতিল চেয়ে সিমিন হোসেন রিমির করা আবেদন খারিজ করে দিয়েছেন আপিল বিভাগ। মঙ্গলবার প্রধান বিচারপতির নেতৃত্বাধীন ছয় সদস্যের আপিল বেঞ্চ এই আদেশ দেন। ফলে আলম আহমেদের প্রার্থিতা বহাল থাকছে। শিল্পপতি আলম আহমেদ সম্পর্কের দিক থেকে সিমিন হোসেন রিমির ফুপাতো ভাই। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০১.২০২৪ রুবাইয়া)

**ফরিদপুর-৩ আসনের মনোনীত প্রার্থী শামীম হকের প্রার্থিতা বাতিলের শুনানি এক সপ্তাহ পিছিয়েছে**

ফরিদপুর-৩ আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী শামীম হকের প্রার্থিতা বাতিল চেয়ে করা আবেদনের শুনানি এক সপ্তাহ পিছিয়েছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। দ্বৈত নাগরিকত্বের অভিযোগ এনে শামীম হকের প্রার্থিতা বাতিল চেয়ে আবেদন করেছিলেন স্বতন্ত্র প্রার্থী এ. কে. আজাদ। সময় চেয়ে শামীম হকের করা আবেদনের পরিপ্রেক্ষিতে প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ মঙ্গলবার এই আদেশ দেন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০১.২০২৪ রুবাইয়া)

**আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকলে দেশের উন্নয়ন অব্যাহত থাকবে : প্রধানমন্ত্রী**

বিএনপি-জামায়াত ক্ষমতায় আসা মানেই লুটপাট, দুর্নীতি আর সন্ত্রাস বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার বিকেলে ফরিদপুরের সরকারি রাজেন্দ্র কলেজ মাঠে আওয়ামী লীগের নির্বাচনী জনসভায় এসব কথা বলেন তিনি। তিনি বলেছেন, দেশের মানুষের উন্নয়নে কাজ করছে আওয়ামী লীগ সরকার। আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে উন্নয়ন অব্যাহত থাকবে। সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের কথা তুলে ধরে শেখ হাসিনা বলেন, খালেদা জিয়া ক্ষমতায় এসেছিল গ্যাস বিক্রির মুচলেকা দিয়ে। আমি গ্যাস বিক্রি করতে চাইনি বলে ষড়যন্ত্র করে আমাকে ক্ষমতায় আসতে দেওয়া হয়নি। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**ভোক্তা পর্যায়ে ১২ কেজি এলপিজির দাম বাড়ানো হয়েছে ২৯ টাকা**

ভোক্তা পর্যায়ে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস, এলপিজির দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে এনার্জি রেগুলেটরি কমিশন। ১২ কেজি সিলিন্ডারের দাম ১,৪০৪ টাকা থেকে ২৯ টাকা বাড়িয়ে ১,৪৩৩ টাকা নির্ধারণ করা হয়েছে। বিইআরসির চেয়ারম্যান নুরুল আমিন মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে নতুন এই দর ঘোষণা করেন। নতুন এই দাম আজ সন্ধ্যা থেকেই কার্যকর হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**রাজনৈতিক প্রতিহিংসা থেকেই ড. ইউনূসকে কারাদণ্ড দেওয়া হয়েছে : অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল**

ড. মুহাম্মদ ইউনূস ও তার তিন সহকর্মীকে রাজনৈতিক প্রতিহিংসা থেকে ছয় মাসের কারাদণ্ড দেয়া হয়েছে বলে মন্তব্য করেছেন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। যুক্তরাজ্য ভিত্তিক আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের দক্ষিণ এশিয়ার আঞ্চলিক কার্যালয়ে এক বিবৃতিতে এই কথা বলেছে। বিবৃতিটি সোমবার অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের দক্ষিণ এশিয়ার আঞ্চলিক কার্যালয়ের সাবেক টুইটারে পোস্ট করা হয়। বিবৃতিতে বলা হয়েছে ৮৩ বছর বয়সী

নোবেলজয়ী ড. ইউনূস ও তার তিন সহকর্মীকে বাংলাদেশ শ্রম আদালত আইন-২০০৬ এর অধীনে দোষী সাব্যস্ত করে ছয় মাসের কারাদণ্ড দিয়েছে ঢাকার একটি শ্রম আদালত। ড. ইউনূস দোষী সাব্যস্ত হওয়া বাংলাদেশের মানবাধিকারের বিপর্যস্ত অবস্থার প্রতীক। দেশটির কর্তৃপক্ষ মানুষের স্বাধীনতা খর্ব করছে। বলা হয়েছে সমালোচকদের তাবেদার হতে বাধ্য করেছে।(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**ড. ইউনূসের সাজার বিষয়ে সরকারের কোন হাত নেই : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, শ্রমিক-কর্মচারীদের করা মামলায় ড. ইউনূসের সাজা হয়েছে। সরকারের এখানে কোন হাত নেই। মঙ্গলবার সকালে সমসাময়িক বিষয় নিয়ে চট্টগ্রামে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। এ সময় তিনি আরো বলেন, ড. ইউনূসের মামলার রায়কে ঘিরে দেশে-বিদেশে বিভ্রান্তি তৈরি করা হচ্ছে, সরকারকে প্রশ্নবিদ্ধ করা হচ্ছে। তিনি বলেন, সরকার এখানে কোন পক্ষ নয়, মামলাও করেনি। এই মামলা করেছে গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীরা। যে মামলায় ড. ইউনূসের শাস্তি হয়েছে।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**আইন-শৃঙ্খলা রক্ষায় আজ থেকে সারাদেশে সেনাবাহিনী মাঠে নেমেছে : আইএসপিআর**

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে দেশব্যাপী আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়ন করা হয়েছে। স্থানীয় বেসামরিক প্রশাসনকে সহায়তা দিতে তিন থেকে দশ জানুয়ারি পর্যন্ত সারাদেশে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন থাকবে বলে জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর আইএসপিআর। মঙ্গলবার আইএসপিআর এর এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, সশস্ত্র বাহিনীর সদস্যরা প্রতিটি জেলা, উপজেলা, মেট্রোপলিটন এলাকার নোডাল পয়েন্ট এবং অন্যান্য সুবিধাজনক স্থানে অবস্থান করবে। সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুরোধ ক্রমে ও সমন্বয়ের মাধ্যমে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের এলাকা মোতায়েন ভিত্তিক সম্পন্ন করা হয়েছে।(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**২৮ জুলাইয়ের পর থেকে বিএনপি নেতা কর্মীদের বিরুদ্ধে ১১২৪টি মামলা করেছে পুলিশ : রিজভী**

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন গত ২৮ ও ২৯ জুলাই থেকে আজ পর্যন্ত বিএনপির কেন্দ্র ঘোষিত কর্মসূচিকে কেন্দ্র করে সারাদেশে ১ লাখ ৬৮৯ জন নেতা কর্মীর বিরুদ্ধে ১,১২৪টি মামলা করেছে পুলিশ। এ সময় গ্রেফতার হয়েছে ২৪,৫৪১ জন সাংবাদিকসহ ২৭ জন নিহত হয়েছে বলে জানান তিনি। মঙ্গলবার বিকেলে ভার্চুয়ালি এক সংবাদ সম্মেলনে রুহুল কবির রিজভী এসব তথ্য তুলে ধরেন।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**লক্ষ্মীপুর-১ আসনে স্বতন্ত্র প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করেছে ইসি**

জেলা প্রশাসক ও পুলিশ সুপারকে বদলির হুমকি দেয়ায় লক্ষীপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী ও যুবলীগের প্রেসিডিয়াম সদস্য মো. হাবিবুর রহমান পবনের প্রার্থিতা বাতিল করেছে নির্বাচন কমিশন। মঙ্গলবার ইসির আইন শাখার উপসচিব আব্দুস সালাম স্বাক্ষরিত এক চিঠিতে এই তথ্য জানানো হয়েছে।(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**আওয়ামী লীগ ও তাদের স্বতন্ত্র প্রার্থীরা সারাদেশে নির্বাচনে বিপুল পরিমাণ টাকা ব্যয় করছেন : চুন্নু**

জাতীয় পার্টির মহাসচিব ও কিশোরগঞ্জ-৩ আসনে জাপার প্রার্থী মুজিব হক চুন্নু বলেছেন আওয়ামী লীগ ও তাদের স্বতন্ত্র প্রার্থীরা সারাদেশে বিপুল পরিমাণ টাকা খরচ করছেন। যার ফলে আওয়ামী লীগ ও স্বতন্ত্র প্রার্থীদের সাথে প্রতিযোগিতায় টিকতে না পেরে জাতীয় পার্টির কিছু কিছু প্রার্থী নির্বাচন থেকে সরে দাঁড়াচ্ছেন। মঙ্গলবার সকালে কিশোরগঞ্জের তাড়াইলে নিজ বাসভবনে সাংবাদিকদের এসব কথা বলেন মুজিবুল হক চুন্নু।
(রেডিও টুডে ১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**গাজীপুরের তিনটি আসনে নির্বাচন থেকে সরে দাড়িয়েছেন জাতীয় পার্টির প্রার্থীরা**

গাজীপুর-৪ আসনে জাতীয় পার্টির প্রার্থী মোহাম্মদ শামসুদ্দিন খান নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন। আজ মঙ্গলবার দুপুরে কাপাসিয়া প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলন করে তিনি এই ঘোষণা দেন। নির্বাচন থেকে সরে দাঁড়ানোর কারণ হিসেবে সামসুদ্দিন খান চাপ ও হুমকির কথা উল্লেখ করেন। এর আগে গাজীপুর-১ ও গাজীপুর-৫ আসনের লাঙ্গল প্রতীকের প্রার্থী ও মহানগর জাতীয় পার্টির সভাপতি এমএম নিয়াজ উদ্দিন নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন।(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**নির্বাচন বাতিল না করলে জনগণ সমুচিত জবাব দেবে : গণতন্ত্র মঞ্চ**

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বাতিল না করলে জনগণ সমুচিত জবাব দেবে বলে সরকারকে হুঁশিয়ারি দিয়েছে গণতন্ত্র মঞ্চ। মঙ্গলবার দুপুরে কাকরাইল মোড়ে সরকারের পদত্যাগের এক দফা দাবি ও এক তরফা নির্বাচন বর্জনের ডাকে সমাবেশ করে গণতন্ত্র মঞ্চ। পরে নেতাকর্মীদের নিয়ে গণতন্ত্র মঞ্চ শান্তিনগর, মালিবাগ সড়কে মিছিল বের করে। সমাবেশে গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জুনায়েদ সাকি বলেছে,ন ৭ তারিখে যা হচ্ছে তা তামাশা। একই দলের লোকেরা নিজেদের মধ্যে প্রতিযোগিতা করছে। কাজেই মানুষের এ বিষয়ে কোনো আগ্রহ নেই, মানুষ ভোট দিতে যাবে না। সরকারকে দেশের অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গে সংলাপে বসার আহ্বান জানান তিনি।
( রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

**জামালপুরে ট্রাক ও সিএনজি চালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত**

জামালপুরে ট্রাক ও সিএনজি চালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে তিন যাত্রী নিহত হয়েছেন। এতে আহত হয়েছেন আরো তিনজন। মঙ্গলবার বিকেল সাড়ে চারটার দিকে উপজেলার জামালপুর-ময়মনসিংহ সড়কের ভানুয়াখালী বাজারের সামনে এই দুর্ঘটনা ঘটে। নরন্দি পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ নুর মোহাম্মদ বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন। ( রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০২.০১.২০২৪ আসাদ)

# BBC

**UKRAINE CITIES HIT AFTER PUTIN VOWS FRESH STRIKES**

Russian missiles have hit Ukraine's biggest cities, leaving five dead and dozens hurt, after Vladimir Putin vowed to intensify attacks. A woman was killed and 44 others were hurt in the north-eastern city of Kharkiv, according to local officials. Kyiv Mayor Vitality Klitschko said two people died and 49 were wounded in a strike on blocks of flats in the Solomo-anskyi district of the capital. Two more deaths were re-ported in the broader Kyiv region. There have been major aerial assaults by both sides in recent days.
(BBC Web Page: 02/01/24, FARUK)

**OPPOSITION LEADER STABBED IN NECK IN SOUTH KOREA**

South Korea's opposition leader Lee Jae-myung has been stabbed in the neck during a visit to the city of Busan. Mr Lee, who narrowly lost the 2022 presidential election, sustained a 1cm laceration on the left side of his neck, reports said. He was airlifted to hospital. Doctors say the wound is not life-threatening. The 66-year-old man who attacked him said he had intended to kill Mr Lee, Yonhap news agency reported. The motive for the attack is unclear.
(BBC Web Page: 02/01/24, FARUK)

**THAILAND AND CHINA TO WAIVE VISA REQUIREMENTS**

Thailand and China will permanently waive visa requirements for each other's citizens from March, Thai Prime Minister Srettha Thavisin said. Thailand waived visas for Chinese nationals in September in a bid to boost tourist arrivals. The programme saw strong response at a time when Thailand was starting to lose its appeal for Chinese travellers. More than 22,000 Chinese entered the Southeast Asian nation in the first two days of the waiver, authorities said. The Chinese are the second largest group of foreign visitors to Thailand, after Malaysians. (BBC Web Page: 02/01/24, FARUK)

**SOMALIA CALLS ETHIOPIA AGREEMENT ACT OF AGGRESSION**

Somalia has described an agreement that landlocked Ethiopia made with the self-declared republic of Somaliland over sea access as an act of aggression. Somaliland seceded from Somalia more than 30 years ago, but is not recognized internationally. It said that Ethiopia agreed to recognize its independence at some point in the future in exchange for military access to the coast. Ethiopia has not confirmed this aspect of Monday's contentious deal. Instead, the office of Ethiopia's Prime Minister Abiy Ahmed said it signed what is known as a memorandum of understanding (MoU) to secure access to the sea and diversify its access to seaports. (BBC Web Page: 02/01/24, FARUK)

**FIVE DEAD ON COASTGUARD PLANE AFTER JAPAN AIRLINES CRASH**

Five people who were on board the coastguard plane have died, AFP news agency quotes Japan's transport minister as saying. State broadcaster NHK has also reported five dead. The captain escaped but is severely injured, it adds. It's believed the coastguard aircraft, which was taking food to areas hit by Monday's powerful earthquake, collided with the Japan

Airlines plane as it landed on the runway. Japanese Prime Minister Fumio Kishida has just spoken to a group of reporters live on TV, confirming five of the six crew on the coastguard plane died while trying to get help to people affected by yesterday's earthquake. He extended his condolences to those who died while trying to serve people in need in the Noto area of Ishikawa prefecture. (BBC Web Page: 02/01/24, FARUK)

**CHAD OPPOSITION FIGURE SUCCES MASRA APPOINTED PM**

Chad's transitional leader General Mahamat Idriss Deby Into has appointed long-time opposition figure Succes Masra as the country's new prime minister. Mr Masra, who was previously a critic of the military-led government, returned from exile in November last year and backed the recent constitutional referendum spearheaded by Gen Itno. Mr Masra will serve through the transition to civilian rule, Mahamat Ahmad Alhabo, Chad's new secretary-general of the presidency, said on Monday. (BBC Web Page: 02/01/24, FARUK)

**MORE THAN 200 KILLED IN GAZA IN PAST 24 HOURS : HAMAS OFFICIALS**

The Hamas-run health ministry says 207 Palestinians have been killed and 338 wounded in the past 24 hours. In total 22,185 Palestinians have been killed and 57,035 wounded in the enclave since the war began on 7 October, the health ministry said in a statement.
(BBC Web Page: 02/01/24, FARUK)

**GAZA WAR A MARATHON NOT A SPRINT, SAYS ADVISER TO NETANYAHU**

Mark Regev, an adviser to Israeli Prime Minister Benjamin Netanyahu, says Israel is withdrawing some of its troops from Gaza because "this is a marathon not a sprint and we need to rest them so they can go in later". Speaking to Sky News, Regev said when he visited the parents and families of Israeli soldiers who died fighting in Gaza, the families told him we don't want our young boys to have died in vain. Finish the job. Never again should Hamas be able to come across our frontier like on 7 October. "Gaza should no longer be this terror enclave that threatens its neighbours," he said. If Hamas stays in power in Gaza, "you'll see more attacks on Israel in the future." (BBC Web Page: 02/01/24, FARUK)

**ISRAEL SAYS IT HIT MILITARY TARGETS IN SYRIA**

Israel says it has struck Syrian military targets, in retaliation to Syrian rocket fire on northern Israel late on Monday. The IDF says it hit military infra-structure of the Syrian army, but Syrian state media denies this. Syrian state news agency SANA said an Israeli air strike early on Tuesday targeted positions on the outskirts of Damascus causing some material damage. Since the start of the war in Gaza on 7 October, the IDF has escalated its strikes in Syria, including Damascus and Aleppo airports and locations where Iranian-backed militia allegedly operates. (BBC Web Page: 02/01/24, FARUK)

**ISRAEL MAINTAINS ONSLAUGHT AS GAZA DEATH TOLL TOPS 22,000**

Israeli attacks have continued across the Gaza Strip with little let-up, as the death toll in the enclave rose above the latest milestone of 22,000. The total number of Palestinians killed in Gaza since October 7 now stands at 22,185, while at least 57,000 have been injured, the Hamas-run Ministry of Health an-nounced on Tuesday. Meanwhile, air and ground attacks continued across the Strip, including in the south, where hundreds of thousands of displaced people have been directed to seek safety. Some two-thirds of those killed amid Israel's bombardment of Gaza are women and children, according to the ministry.
(BBC Web Page: 02/01/24, FARUK)

## :: The End ::